# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 14, 1432 Bangla, February 27, 2026, Friday, No. 58, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has distributed "Ekushey Padak-2026" among nine individuals and one music band in recognition of their outstanding contributions to various fields. [BBC: 03]

Tarique Rahman has said that education, research, the arts, and literature should remain free from political influence in a civilised society. [Jago FM: 15]

The Ministry of Home Affairs has reconstituted the "Law and Order Committees" at the district and upazila levels to keep the law-and-order situation under review. [BBC: 06]

The government has decided to waive off agricultural loans up to Tk 10,000, including interest, of 1.2 million farmers. [BBC: 03]

A special court has ordered authorities to issue a red notice through Interpol for the arrest of British MP Tulip Siddiq in a case filed over acquiring a flat in Gulshan illegally. [BBC: 03]

A Dhaka court has directed the seizure of 518 properties in the United Kingdom owned by former land minister Saifuzzaman Chowdhury Javed, following allegations of corruption. [BBC: 04]

A Dhaka court has deferred the submission of the further investigation report in the murder case of Inqilab Mancha Convener Sharif Osman Hadi, setting March 11 as the new date. [BBC: 05]

A Dhaka court has placed a man named Masudur Rahman on a two-day remand over alleged militant activities in Malaysia. [BBC: 05]

The sudden change in the top leadership of Bangladesh's central bank has sparked a new debate in the country's economy. Questions have been raised about the process of removing BB governor, Ahsan H Mansur & appointment of new governor, Mostaqur Rahman. [BBC: 10]

TIB expresses deep concern over the impartiality of the newly appointed Governor of Bangladesh Bank. [DW: 14]

The High Court has granted bail to former Narayanganj City Corporation mayor Selina Hayat Ivy in five cases of murder and attempted murder. [BBC: 05]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ১৪, বাংলা ১৪৩২, ফেব্রুয়ারি ২৭, ২০২৬, শুক্রবার, নং- ৫৮, ৫৬তম বছর**

# শিরোনাম

জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ নয়জন বিশিষ্ট ব্যক্তি ও একটি সংগীত ব্যান্ড দলকে `একুশে পদক-২০২৬, তুলে দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [বিবিসি: ০৩]

শিক্ষা, গবেষণা এবং শিল্প সাহিত্য চর্চাকে রাজনীতিকীকরণ করা কখনই সভ্য সমাজের পরিচায়ক নয় বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [জাগো এফএম: ১৫]

সারা দেশে জেলা আইন-শৃঙ্খলা কমিটি 'সংশোধনপূর্বক পুনর্গঠনের, অফিস আদেশ জারি করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। [বিবিসি: ০৬]

১২ লাখ কৃষকের ১০ হাজার টাকা পর্যন্ত কৃষি ঋণ সুদসহ মওকুফের সিদ্ধান্ত নিয়েছে সরকার। [বিবিসি: ০৩]

অবৈধভাবে ফ্ল্যাট দখলের অভিযোগে মামলায় ব্রিটিশ এমপি টিউলিপ সিদ্দিককে গ্রেফতার করতে ইন্টারপোলের মাধ্যমে `রেড নোটিশ, জারি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আদেশ দিয়েছেন আদালত। [বিবিসি: ০৩]

ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদের নামে যুক্তরাজ্যে থাকা ৫১৮টি ফ্ল্যাট ও অ্যাপার্টমেন্ট জব্দের আদেশ দিয়েছেন ঢাকার একটি আদালত। [বিবিসি: ০৪]

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদি হত্যাকাণ্ডের মামলার তদন্ত প্রতিবেদন আগামী ১১ মার্চের মধ্যে জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন আদালত। [বিবিসি: ০৫]

জঙ্গি সম্পৃক্ততার অভিযোগে মালয়েশিয়া থেকে ফেরত পাঠানো বাংলাদেশি যুবক মাসুদুর রহমানকে জিজ্ঞাসাবাদের জন্য দুইদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। [বিবিসি: ০৫]

বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের শীর্ষ নেতৃত্ব গভর্নর পদে আকস্মিক পরিবর্তন দেশটির অর্থনীতিতে নতুন এক আলোচনার জন্ম দিয়েছে। বাংলাদেশ ব্যাংকের সদ্য সাবেক গভর্নর ড. আহসান এইচ মনসুরকে সরিয়ে দেওয়ার প্রক্রিয়া নিয়ে যেমন প্রশ্ন উঠেছে, তেমনি নতুন গভর্নর মোস্তাকুর রহমানের নিয়োগ নিয়েও নানা আলোচনা চলছে। [বিবিসি: ১০]

বাংলাদেশ ব্যাংকের নবনিযুক্ত গভর্নরের নিরপেক্ষতা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে টিআইবি। [ডয়চে ভেলে: ১৪]

হত্যা ও হত্যাচেষ্টার অভিযোগে হওয়া পাঁচটি মামলায় নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীকে জামিন দিয়েছে হাইকোর্ট। [বিবিসি: ০৫]

# বিবিসি

## নয়জন ব্যক্তি ও ব্যান্ড দল ওয়ারফেজকে একুশে পদক দিলেন প্রধানমন্ত্রী

জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ নয়জন বিশিষ্ট ব্যক্তি ও একটি সংগীত ব্যান্ড দলকে `একুশে পদক-২০২৬, দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার সকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এই সম্মাননা তুলে দেন তিনি। এ বছর একুশে পদক পেয়েছেন চলচ্চিত্রে অবদানের জন্য ফরিদা আক্তার ববিতা, চারুকলায় অধ্যাপক মো. আবদুস সাত্তার, স্থাপত্যে মেরিনা তাবাসসুম, সংগীতে আইয়ুব বাচ্চু (মরণোত্তর), নাট্যকলায় ইসলাম উদ্দিন পালাকার, সাংবাদিকতায় শফিক রেহমান, শিক্ষায় অধ্যাপক মাহবুবুল আলম মজুমদার, ভাস্কর্যে তেজস হালদার যশ এবং নৃত্যকলায় অর্থী আহমেদ। এ ছাড়া, সংগীত দল হিসেবে ব্যান্ড 'ওয়ারফেজ' পুরস্কার পেয়েছে। রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসসের খবরে জানানো হয়, মরণোত্তর পুরস্কারপ্রাপ্ত আইয়ুব বাচ্চুর পক্ষে তার স্ত্রী ফেরদৌস আখতার চন্দনা প্রধানমন্ত্রীর কাছ থেকে পদক গ্রহণ করেন। অনুষ্ঠানে মন্ত্রিসভার সদস্য, সংসদ সদস্য, বিভিন্ন দেশের কূটনীতিক, সামরিক ও বেসামরিক উর্ধ্বতন কর্মকর্তাসহ বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।
(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## ব্রিটিশ এমপি টিউলিপকে গ্রেফতারে `রেড নোটিশ, জারির ব্যবস্থা নিতে আদেশ

অবৈধভাবে ফ্ল্যাট দখলের অভিযোগে মামলায় ব্রিটিশ এমপি টিউলিপ সিদ্দিককে গ্রেফতার করতে ইন্টারপোলের মাধ্যমে `রেড নোটিশ, জারি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আদেশ দিয়েছেন বাংলাদেশের আদালত। মিজ সিদ্দিক বাংলাদেশে মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্ত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাগনি। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার ঢাকা মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ মো. সাব্বির ফয়েজ এই আদেশ দেন। টিউলিপ সিদ্দিকের বিরুদ্ধে আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোলের মাধ্যমে `রেড নোটিশ, জারির আবেদনটি করেন দুদকের সহকারী পরিচালক এ কে এম মর্তুজা আলী সাগর। আবেদনে বলা হয়েছে, মিজ সিদ্দিক তার খালা শেখ হাসিনার ক্ষমতার অপব্যবহার করে অবৈধভাবে ঢাকার গুলশানে ইস্টার্ন হাউজিং লিমিটেডের একটি ফ্ল্যাটের দখল নেন। এ ঘটনায় তার বিরুদ্ধে মামলা করেছে দুদুক। তবে মামলা দায়েরের আগেই মিজ সিদ্দিক দেশত্যাগ করেন। সেইসঙ্গে মামলার আলামত বিনষ্ট করার চেষ্টাও করছেন। সেজন্য তাকে দ্রুত আইনের আওতায় আনা প্রয়োজন। বর্তমানে যুক্তরাজ্যে অবস্থানরত মিজ সিদ্দিককে গ্রেফতারের জন্য ইন্টারপোলের মাধ্যমে 'রেড নোটিশ' জারি করা প্রয়োজন বলে আবেদনে উল্লেখ করেছে দুদুক। সেই প্রেক্ষিতে বৃহস্পতিবার `রেড নোটিশ, জারি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আদেশ দিয়েছেন আদালত।(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## একাত্তরের মানবতাবিরোধী অপরাধে আমৃত্যু দণ্ডপ্রাপ্ত খান আকরাম খালাস

একাত্তরের মানবতাবিরোধী অপরাধের মামলায় আমৃত্যু কারাদণ্ডপ্রাপ্ত বাগেরহাটের খান আকরাম হোসেনকে খালাস দিয়েছে বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। আসামির করা আপিল মঞ্জুর করে প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বে পাঁচ বিচারপতির আপিল বেঞ্চ আজ বৃহস্পতিবার এ রায় দেন। রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসসের খবরে এই তথ্য জানানো হয়েছে। ২০১৫ সালের ১১ আগস্ট মানবতাবিরোধী অপরাধের দায়ে বাগেরহাটের শেখ সিরাজুল হক ওরফে সিরাজ মাস্টারকে মৃত্যুদণ্ড এবং খান আকরাম হোসেনকে আমৃত্যু কারাদণ্ড দেয় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। ট্রাইব্যুনালের ওই রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে আপিল করেন খান আকরাম।
(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## ১২ লাখ কৃষকের কৃষিঋণ সুদসহ মওকুফের সিদ্ধান্ত জানাল সরকার

১২ লাখ কৃষকের ১০ হাজার টাকা পর্যন্ত কৃষি ঋণ সুদসহ মওকুফের সিদ্ধান্ত নিয়েছে বিএনপির নতুন সরকার। বৃহস্পতিবার প্রথম মন্ত্রিসভা বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মন্ত্রিসভা বৈঠক অনুষ্ঠিত হয়। এ দিন বিকেলে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি সাংবাদিকদের ওই সিদ্ধান্তের বিষয়ে জানান। "সরকার তার নির্বাচনি ইশতেহার অনুযায়ী শস্য, ফসল, মৎস্য ও পশুপালন খাতে ১০ হাজার টাকা পর্যন্ত কৃষিঋণ সুদসহ মওকুফের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এর মূল লক্ষ্য হলো দরিদ্র কৃষকদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা এবং কৃষি খাতের মেরুদণ্ডকে শক্তিশালী করা,„ বলেন মি. গনি। এ ঋণ মওকুফ করা হলে আনুমানিক ১২ লাখ কৃষক প্রত্যক্ষভাবে লাভবান হবে বলেও জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব। ঋণ মওকুফের প্রায় তাৎক্ষণিক প্রভাব হিসেবে গ্রাম থেকে নগরমুখী অভিবাসন কমবে এবং গ্রামীণ মূল্যস্ফীতি হ্রাস পাবে বলেও জানান তিনি। বাংলাদেশ ব্যাংকের তথ্যমতে, সরকারি, বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক এবং বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত সুদসহ কৃষকদের কাছে পাওনা রয়েছে প্রায় ১ হাজার ৫৫০ কোটি টাকা, যা এ মওকুফের আওতাভুক্ত হবে বলে জানিয়েছে সরকার।(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## পুলিশে ১০ হাজার নতুন লোক নিয়োগ দেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

পুলিশে শূন্য পদে ১০ হাজার নতুন কনস্টেবল নিয়োগ দেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ইতোমধ্যে ১৮০ জন সার্জেন্ট নিয়োগে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার সচিবালয়ে সাংবাদিকদের এসব কথা জানান মি. আহমদ। এছাড়া উপ-পরিদর্শক (এসআই) এবং বাংলাদেশ কর্ম কমিশনের (পিএসসি) মাধ্যমে সহকারী পুলিশ সুপার (এএসপি) নিয়োগ দেওয়া হবে। এ বিষয়ে পরে বিস্তারিত জানানো হবে বলে জানান মন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## সাবেক ভূমিমন্ত্রী জাবেদের নামে যুক্তরাজ্যে থাকা ৫১৮টি ফ্ল্যাট জব্দের আদেশ ঢাকার আদালতের

ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদের নামে যুক্তরাজ্যে থাকা ৫১৮টি ফ্ল্যাট ও অ্যাপার্টমেন্ট জব্দের আদেশ দিয়েছেন ঢাকার একটি আদালত। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের প্রেক্ষিতে বৃহস্পতিবার শুনানি শেষে এই আদেশ দিয়েছেন ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ সাব্বির ফয়েজ। আদালতের নথিতে ওই ৫১৮টি ফ্ল্যাট ও অ্যাপার্টমেন্টের মূল্য দেখানো হয়েছে ২৭ কোটি ১৮ লাখ ৫২ হাজার ৮৭২ পাউন্ড। মি. জাবেদের যুক্তরাজ্যে ওইসব সম্পত্তির জব্দের আদেশ চেয়ে দুদকের পক্ষে আদালতে আবেদন করেন সংস্থাটির উপ-পরিচালক মশিউর রহমান। আবেদনে বলা হয়েছে, সাইফুজ্জামান চৌধুরী এবং তার সহযোগী ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে `অর্থ পাচারের, অভিযোগ তদন্তে দুদক, সিআইডি ও এনবিআর থেকে ৯ সদস্যের একটি টাস্কফোর্স গঠন করা হয়েছে। এর অংশ হিসেবে গত বছরের ২১ সেপ্টেম্বর চট্টগ্রামের এক বাড়িতে অভিযান চালিয়ে সাইফুজ্জামান চৌধুরী জাবেদের মামলার অসংখ্য আলামত উদ্ধার করা হয়। উদ্ধার করা তথ্য ও নথিপত্রের বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষার পর মি. জাবেদ এবং তার সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিভিন্ন দেশে অধিগ্রহণকৃত সম্পত্তির একটি তালিকা প্রস্তুত করা হয়। এর মধ্যে সাইফুজ্জামান চৌধুরী, তার স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি এবং প্রতিষ্ঠানের নামে যুক্তরাজ্যে অবস্থিত স্থাবর সম্পদের তথ্য পাওয়া গেছে। সেসব স্থাবর সম্পদ যাতে তিনি অন্যত্র হস্তান্তর ও স্থানান্তর করতে না পারেন, সেজন্য স্থাবর সম্পদ জব্দ করা একান্ত প্রয়োজন বলে আবেদনে উল্লেখ করে দুদক। তারই পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার মি. জাবেদের নামে যুক্তরাজ্যে থাকা ৫১৮টি ফ্ল্যাট ও অ্যাপার্টমেন্ট জব্দের আদেশ দিয়েছেন আদালত।
(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## আয়কর রিটার্ন জমার সময় আবার বাড়লো

আয়কর রিটার্ন জমা দেওয়ার সময় এক মাস বাড়িয়েছে জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআর; তবে এটা শুধু ব্যক্তি ও হিন্দু অবিভক্ত পরিবার করদাতাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। আজ একটি বিজ্ঞপ্তিতে এনবিআর জানায়, "আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩৩৪-এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে, সরকারের পূর্বানুমোদনক্রমে, স্বাভাবিক ব্যক্তি (Individual) ও হিন্দু অবিভক্ত পরিবার করদাতাগণের ২০২৫-২০২৬ করবর্ষের জন্য আয়কর রিটার্ন দাখিলের নির্দিষ্ট তারিখ ২৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের পরিবর্তে ৩১ মার্চ ২০২৬ তারিখ নির্ধারণ করিল।„ বাংলাদেশে সাধারণত আয়কর রিটার্ন জমার সময় থাকে ৩০ নভেম্বর পর্যন্ত। এইবার রিটার্ন জমার সময় কয়েক দফায় বাড়িয়েছে এনবিআর।
(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## নতুন কমিশনার না আসা পর্যন্ত ডিএমপির দায়িত্বে থাকবেন অতিরিক্ত আইজিপি মো. সরওয়ার

নতুন কর্মকর্তা নিযুক্ত না হওয়া পর্যন্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) দায়িত্ব সামলাবেন অতিরিক্ত আইজিপি মো. সরওয়ার। বৃহস্পতিবার পুলিশ সদর দপ্তরের এক বিবৃতিতে এ কথা জানানো হয়েছে। নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর প্রশাসনের রদবদলের মধ্যে গত বুধবার দায়িত্ব থেকে সরে যান শেখ মো. সাজ্জাত আলী। তিনি ইস্তফা দেওয়ার পরদিন মি. সরওয়ারকে অস্থায়ীভাবে নতুন দায়িত্ব দেওয়া হলো।(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## পর্দা উঠল অমর একুশে বইমেলার

নানান জটিলতায় দফায় দফায় তারিখ পরিবর্তনের পর অবশেষে শুরু হলো এ বছরের অমর একুশে বইমেলা। বৃহস্পতিবার দুপুরে আনুষ্ঠানিকভাবে মেলার উদ্‌বোধন ঘোষণা করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। উদ্‌বোধন শেষে তিনি মেলাটি বিভিন্ন স্টল ঘুরে দেখেন। এসময় স্ত্রী জুবাইদা রহমান ও মেয়ে জাইমা রহমানও তার সঙ্গে ছিলেন। `অমর একুশে বইমেলাকে, আগামী বছর থেকে `অমর একুশে আন্তর্জাতিক বইমেলা, হিসেবে চালু করা যায় কি-না, তার সম্ভাব্যতা যাচাই করে দেখতে মেলার আয়োজক বাংলা অ্যাকাডেমির প্রতি আহ্বান প্রধানমন্ত্রী। 'বহুমাত্রিক বাংলাদেশ' প্রতিপাদ্য নিয়ে শুরু হওয়া এবারের বইমেলা চলবে আগামী ১৫ মার্চ পর্যন্ত। আয়োজকরা জানিয়েছেন, ছুটির দিন ছাড়া প্রতিদিন বেলা ২টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা চলবে। ছুটির দিনে মেলা চলবে সকাল ১১টা থেকে রাত ৯টা পর্যন্ত। তবে রাত সাড়ে ৮টার পর নতুন করে কেউ মেলা প্রাঙ্গণে প্রবেশ করতে পারবেন না। সাধারণত প্রতিবছর ১ ফেব্রুয়ারি বইমেলা শুরু হলেও, এ বছর নির্বাচনের কারণে মেলা দেরিতে শুরু হয়েছে। গত ২০ ফেব্রুয়ারি মেলা শুরু হওয়ার কথা ছিল। তবে রমজানে বইমেলা করা নিয়ে প্রকাশকদের একাংশের আপত্তি থাকায় সেদিন মেলা

শুরু হয়নি। নতুন সরকার ক্ষমতা নেওয়ার পর আয়োজক ও প্রকাশকদের সঙ্গে বসে সমস্যার সমাধান করে। পরে নতুন তারিখ নির্ধারণ করা হয় ২৬ ফেব্রুয়ারি। প্রকাশকরা ব্যবসায়িক ক্ষতির আশঙ্কা প্রকাশ করায় এ বছর মেলার স্টল ভাড়া শতভাগ মওকুফ করে দিয়েছে সরকার।(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## হাদি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন ১১ মার্চের মধ্যে জমা দেওয়ার নির্দেশ

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদি হত্যাকাণ্ডের মামলার তদন্ত প্রতিবেদন আগামী **১১** মার্চের মধ্যে জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন আদালত। বৃহস্পতিবার মামলাটির তদন্ত প্রতিবেদন দাখিলের কথা থাকলেও, সেটি জমা দিতে পারেননি পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। এ অবস্থায় তদন্ত প্রতিবেদন জমা দিতে নতুন তারিখ ধার্য করে দেন ঢাকার অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম জশিতা ইসলাম। এর আগে, হাদি হত্যা মামলায় ১৭ জনকে অভিযুক্ত করে গত ৬ জানুয়ারি অভিযোগপত্র দেয় পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)। কিন্তু সেই অভিযোগপত্র নিয়ে অসন্তোষ প্রকাশ করে ইনকিলাব মঞ্চ। পরে আদালত মামলাটির তদন্তভার সিআইডিকে দেওয়ার নির্দেশ দেয়। তদন্ত শেষে আজ সিআইডির পক্ষ থেকে প্রতিবেদন জমা দেওয়ার কথা ছিল। গত ১২ ডিসেম্বর ঢাকায় গুলিতে গুরুতর আহত হন শরিফ ওসমান হাদি। তাকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুর পাঠানো হলেও ১৮ ডিসেম্বর চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।
(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## জঙ্গি সম্পৃক্ততার অভিযোগে মালয়েশিয়া থেকে ফেরত পাঠানো যুবকের দুই দিনের রিমান্ড

জঙ্গি সম্পৃক্ততার অভিযোগে মালয়েশিয়া থেকে ফেরত পাঠানো বাংলাদেশি যুবক মাসুদুর রহমানকে জিজ্ঞাসাবাদের জন্য দুইদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। পুলিশের আবেদনের প্রেক্ষিতে বৃহস্পতিবার তার রিমান্ড মঞ্জুর করেন ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জুয়েল রানা। মালয়েশিয়ায় অবস্থানকালে হামাস, তালেবান ও আল-কায়েদার বিভিন্ন ভিডিও ফেসবুকে পোস্ট করায় জঙ্গি সম্পৃক্ততার অভিযোগে মি. রহমানকে আটক করে সে দেশের পুলিশ। বুধবার বাংলাদেশে ফেরত পাঠানো হলে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ইমিগ্রেশন থেকে বাংলাদেশ পুলিশের অ্যান্টি-টেরোরিজম ইউনিট তাকে আটক করে। জিজ্ঞাসাবাদের জন্য পুলিশের পক্ষ থেকে সাতদিনের রিমান্ড আবেদন করা হলেও, শুনানি শেষে দুইদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।
(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীকে পাঁচ মামলায় জামিন

হত্যা ও হত্যাচেষ্টার অভিযোগে হওয়া পাঁচটি মামলায় নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীকে জামিন দিয়েছে হাইকোর্ট। বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন মিজ আইভীর পক্ষে শুনানিতে অংশ নেওয়া সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী সারা হোসেন। বৃহস্পতিবার শুনানি শেষে বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। আদালতে আইনজীবী সারা হোসেনের বিপক্ষে এ দিন রাষ্ট্রপক্ষের হয়ে শুনানি করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোহাম্মদ আশিকুজ্জামান নজরুল। গত বছরের ৯ মে নারায়ণগঞ্জের নিজ বাসা থেকে মিজ আইভীকে আটক করে পুলিশ। পরে তাকে জুলাই আন্দোলনের তিনটি হত্যা ও দুটি হত্যাচেষ্টা মামলায় গ্রেফতার দেখানো হয়। এখন হাইকোর্ট থেকে জামিন পেলেন তিনি।(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## মনোনয়নের পরও কবি মোহন রায়হানের বাংলা অ্যাকাডেমি পুরস্কার 'সাময়িকভাবে স্থগিত'

বাংলা অ্যাকাডেমির মনোনয়ন তালিকায় নাম থাকার পরও বৃহস্পতিবার পুরস্কার পাননি কবি মোহন রায়হান। তিনি জাতীয় কবিতা পরিষদের সভাপতি। বেশকিছু অভিযোগ ওঠায় তার পুরস্কারটি 'সাময়িকভাবে স্থগিত' করা হয়েছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। "তার লেখা এবং কবিতার বিষয়ে কিছু অভিযোগ উত্থাপিত হওয়ায়, ব্যাপারটা খতিয়ে দেখার স্বার্থে কর্তৃপক্ষ পুরস্কারটা সাময়িকভাবে স্থগিত করেছে। পরীক্ষা-নিরীক্ষা শেষে দ্রুতই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত জানানো হবে,„ বৃহস্পতিবার বিকেলে বিবিসি বাংলাকে বলেন বাংলা অ্যাকাডেমির মহাপরিচালক অধ্যাপক মোহাম্মদ আজম। মি. রায়হানের লেখা ও কবিতার বিষয়ে ঠিক কী ধরনের অভিযোগ পাওয়া গেছে, সেটি অবশ্য জানায়নি বাংলা অ্যাকাডেমি কর্তৃপক্ষ। তবে নিজের ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া পোস্টে মোহন রায়হান অভিযোগ করেছেন, ৪১ বছর আগে লেখা একটি কবিতার কারণে তার পুরস্কারটি স্থগিত করা হয়েছে। "আজ অনুষ্ঠানের সূচনায়ও আমার নাম ঘোষণা করা হয়। কিন্তু পুরস্কার প্রদানের সময় আমাকে আর ডাকা হয়নি। জানতে পারলাম, ৪১ বছর আগে কর্নেল তাহেরকে নিয়ে লেখা আমার কবিতা 'তাহেরের স্বপ্ন, কবিতার জন্য প্রধানমন্ত্রী তারেক রহমানকে দিয়ে একটি মহল আমার পুরস্কার বাতিল করিয়েছে,„ বৃহস্পতিবার বিকেলে ফেসবুক পোস্টে লিখেছেন মি. রায়হান।
(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## আবারও গণভোটের ফল সংশোধন, ভোট কমলো ১০ লাখ ৭৩ হাজারের বেশি

নির্বাচনি ফলাফল প্রকাশের দুই সপ্তাহ পর আবারও গণভোটের ফল সংশোধন করে প্রজ্ঞাপন প্রকাশ করেছে নির্বাচন কমিশন। নতুন প্রজ্ঞাপনে আগের প্রকাশিত ফলের চেয়ে মোট প্রদত্ত ভোটের সংখ্যা প্রায় ১০ লাখ ৭৩ হাজার ৬১৬ কম দেখা যাচ্ছে। সংশোধিত ফলাফলে `হ্যাঁ,, `না, ভোটের সংখ্যা কমেছে। সেইসঙ্গে, বেড়েছে বাতিল হওয়া ভোটের সংখ্যাও। সংশোধিত নতুন ফলাফলের প্রজ্ঞাপন অনুযায়ী, গণভোটে মোট ভোট পড়েছে ৭ কোটি ৬৬ লাখ ২১ হাজার ৪০৭টি। এর মধ্যে ভোট বাতিল হয়েছে ৭৪ লাখ ৩৫ হাজার ১৯৬টি। ফলে বৈধ ভোটের সংখ্যা দাঁড়িয়েছে ৬ কোটি ৯১ লাখ ৮৬ হাজার ২১১টি। এর মধ্যে `হ্যাঁ, ভোটের সংখ্যা ৪ কোটি ৭২ লাখ ২৫ হাজার ৯৮০টি এবং `না, ভোটের সংখ্যা ২ কোটি ১৯ লাখ ৬০ হাজার ২৩১টি। এর আগে, নির্বাচনের পরদিন গত ১৩ ফেব্রুয়ারি বেসরকারিভাবে গণভোটের ফলাফল প্রকাশ করেছিল নির্বাচন কমিশন। সেখানে বলা হয়েছিল, গণভোটে সারা দেশে `হ্যাঁ, ভোট পড়েছে ৪ কোটি ৮২ লাখ ৬৬০টি। অন্যদিকে, ২ কোটি ২০ লাখ ৭১ হাজার ৭২৬টি `না, ভোট পড়েছে বলে উল্লেখ করা হয়েছিল।
(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## বগুড়ায় তারেক রহমানের ছেড়ে দেওয়া আসনে বিএনপির প্রার্থী রেজাউল করিম বাদশা

প্রধানমন্ত্রী তারেক রহমানের ছেড়ে দেওয়া বগুড়া-৬ আসনের উপ-নির্বাচনে দলীয় মনোনয়ন পেয়েছেন জেলা বিএনপির সভাপতি রেজাউল করিম বাদশা। বৃহস্পতিবার সন্ধ্যায় বিএনপি চেয়ারম্যানের গুলশান কার্যালয়ে মি. বাদশার হাতে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর স্বাক্ষরিত দলীয় মনোনয়নের চিঠি তুলে দেওয়া হয়। ১২ ফেব্রুয়ারির নির্বাচনে বিএনপি চেয়ারম্যান তারেক রহমান ঢাকা-১৭ এবং বগুড়া-৬ আসন থেকে নির্বাচন করে দু'টোতেই বিজয়ী হন। তবে নিয়ম অনুযায়ী, শপথ গ্রহণের আগে তাকে একটি আসন ছাড়তে হয়। এক্ষেত্রে বগুড়া-৬ আসন ছেড়ে দেন মি. রহমান। ওই আসনে উপ-নির্বাচন অনুষ্ঠানে ইতোমধ্যেই তফশিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। তফশিল অনুযায়ী, আগামী ৯ এপ্রিল সকাল সাড়ে ৭টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত আসনটিতে ভোটগ্রহণ করা হবে। তার আগে প্রার্থিতার জন্য মনোনয়পত্র দাখিল করা যাবে ২ মার্চ পর্যন্ত। ৫ মার্চ মনোনয়নপত্র যাচাই-বাছাই চলবে। এতে যারা বাদ পড়বেন, তারা ৬ মার্চ থেকে শুরু করে ১০ মার্চ পর্যন্ত আপিল করতে পারবেন। আপিল নিষ্পত্তি করা হবে ১১ মার্চ। এরপর প্রতীক বরাদ্দ দেওয়া হবে ১৫ মার্চ।(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ এলিনা)

## সারা দেশে জেলা আইন-শৃঙ্খলা কমিটি পুনর্গঠনে নির্দেশ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের

সারা দেশে জেলা আইন-শৃঙ্খলা কমিটি 'সংশোধনপূর্বক পুনর্গঠনের, অফিস আদেশ জারি করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। বৃহস্পতিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপ-সচিব কে এম ইয়াসির আরাফাত স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়। আদেশে বলা হয়েছে, গত বছরের ২ সেপ্টেম্বর জেলা আইন-শৃঙ্খলা কমিটি পুনর্গঠন করতে হবে, যেখানে জেলা ম্যাজিস্ট্রেট কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন। কমিটিতে পুলিশ সুপার, সশস্ত্র বাহিনী বিভাগ বা বিজিবি বা কোস্ট গার্ড প্রতিনিধি, জেলা সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক, জেলা সিভিল সার্জন, জেলা ডিজিএফআই প্রতিনিধি, মহিলা বিষয়ক কর্মকর্তাসহ ৩১ জন কর্মকর্তা জেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্য হিসেবে থাকবেন। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এই কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। আর জেলার সকল সংসদ সদস্য কমিটির উপদেষ্টা পদে থাকবেন। তারাও কমিটির বৈঠকে উপস্থিত থাকবেন এবং সভা শেষে কার্যবিবরণী তাদেরকে নিয়মিত সরবরাহ করতে হবে বলেও অফিস আদেশে উল্লেখ করা হয়েছে। কমিটি প্রতি মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে এবং প্রয়োজনবোধে যে-কোনো সময়ে সভা করতে পারবেন। পুলিশ সুপার প্রয়োজনীয় তথ্য-উপাত্তসহ সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন বলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আদেশে বলা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ রনি)

## দেশে ফিরলেন অবৈধভাবে ইউরোপ যাওয়ার পথে লিবিয়ায় আটকে পড়া ১৭৫ জন বাংলাদেশি

সাগরপথে অবৈধভাবে ইউরোপ যাওয়ার সময় লিবিয়ায় আটকে পড়া ১৭৫ জন বাংলাদেশি নাগরিক দেশে ফিরেছেন। বৃহস্পতিবার সকালে তারা ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নামেন বলে এক বিবৃতিতে জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। "লিবিয়ার বেনগাজীতে গানফুদা ডিটেনশন সেন্টারে বন্দি ৩০ জন এবং বেনগাজী ও সংলগ্ন এলাকায় বসবাসকারী দুঃস্থ, অসহায় ও শারীরিকভাবে অসুস্থ ১৪৫ জনসহ মোট ১৭৫ জনকে সকাল ৮টায় বুরাক এয়ারের একটি ফ্লাইটে দেশে ফিরিয়ে আনা হয়েছে,„ বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। দেশে ফেরা ওইসব ব্যক্তিদের বেশিরভাগই সমুদ্রপথে অবৈধভাবে ইউরোপ যাচ্ছিলেন বলে জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। তারা মানবপাচারকারীদের প্ররোচনা ও সহযোগিতায় অনেকে লিবিয়ায় 'অনুপ্রবেশ' করেন। তাদের অনেকে লিবিয়াতে বিভিন্ন সময়ে অপহরণ ও নির্যাতনের শিকার হয়েছিলেন বলেও বিবৃতিতে বলা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ রনি)

## ছয়টি সিটি করপোরেশনে নির্বাচন নিয়ে 'অনিশ্চয়তা' কাটবে কবে?

জাতীয় নির্বাচনের পরই আলোচনায় আসে স্থানীয় সরকার নির্বাচনের প্রসঙ্গ। নির্বাচন কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে তাদের সিটি করপোরেশন ও স্থানীয় সরকারের অন্যান্য প্রতিষ্ঠানগুলোর নির্বাচন আয়োজনের প্রস্তুতি নিতে বলা হয়েছিল। তবে, ঢাকার দুটিসহ দেশের ছয়টি সিটি করপোরেশনে বিএনপির ছয়জন নেতাকে নতুন করে প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়ায় তৈরি হয়েছে এক ধরনের অনিশ্চয়তা। মঙ্গলবার ওই ছয়জন বিএনপি নেতা সচিবালয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের গিয়ে দায়িত্ব গ্রহণ করেছেন। ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা সরকারে পতনের পর দেশের বিভিন্ন সিটি করপোরেশনের মেয়র ও কাউন্সিলার, পৌরসভা-উপজেলা কিংবা ইউনিয়ন পরিষদে নির্বাচিত আওয়ামী লীগের জনপ্রতিনিধিদের অনেকে আত্মগোপনে চলে যান। কেউ কেউ আবার গ্রেফতার হন। জনপ্রতিনিধিরা আত্মগোপনে কিংবা পরিষদে না যাওয়ায় নাগরিক সেবা ব্যাহতের কারণ দেখিয়ে আওয়ামী লীগ সরকার পতনের পর কয়েকদিনের ব্যবধানে সিটি করপোরেশন, পৌরসভা, জেলা- উপজেলা পরিষদের মেয়র ও চেয়ারম্যানদের অপসারণ করে প্রশাসক নিয়োগ করে অন্তর্বর্তীকালীন সরকার। তখন জাতীয় নির্বাচনের আগে স্থানীয় নির্বাচনের দাবিও উঠেছিল। তবে রাজনৈতিক দলগুলোর দিক থেকে জাতীয় নির্বাচনের দাবি জোরালো হওয়ায় স্থানীয় সরকার নির্বাচনের বিষয়টি আলোচনায় পিছিয়ে পড়ে। কিন্তু জাতীয় নির্বাচনের আগেই চলতি ফেব্রুয়ারি মাসের শুরুতে অন্তর্বর্তী সরকার ইসিকে চিঠি দেয়, যেখানে ঢাকা উত্তর-দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচন আয়োজনের প্রস্তুতি নিতে বলা হয়। এদিকে, জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় পেয়ে বিএনপি সরকার গঠনের পর ঢাকাসহ ছয়টি সিটি করপোরেশনেই বিএনপি নেতাদের প্রশাসক হিসেবে নিয়োগ দিয়েছে।

এমন অবস্থায় সিটি করপোরেশন নির্বাচনগুলো কবে হবে, কিংবা শিগ্গিরইঅনুষ্ঠিত হবে কি-না, সেই প্রশ্নও সামনে আসছে। এই প্রশ্নের উত্তর যে আসলে নির্বাচন কমিশনের কাছেও নেই, তা নির্বাচন কমিশনার আনোয়ারুল ইসলামের সাথে কথা বলে মনে হয়েছে। বিবিসি বাংলাকে ইসি মি. ইসলাম বলেছেন, ”আইন-কানুনে কী আছে, সেগুলো পরিবর্তনের দরকার হতে পারে, সামনে আবার বৃষ্টি-বাদলও হতে পারে। এমন অবস্থায় বিভিন্ন ধরনের সংকট আছে।„ স্থানীয় সরকার বিশ্লেষকরা বলছেন, শুধুমাত্র প্রশাসক দিয়ে সিটি করপোরেশনের নাগরিক সেবা নিশ্চিত করা সম্ভব নয়, বরং কাউন্সিলার পদ শূন্য থাকায় নির্বাচনই একমাত্র সমাধান।

### মেয়র পদে প্রশাসক, অন্য পদে কী হবে?

২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা সরকার পতনের পর দায়িত্ব নেওয়া অন্তর্বর্তী সরকার ১২টি সিটি করপোরেশন, ৩৩০টি পৌরসভা, ৪৯৭টি উপজেলা পরিষদ এবং ৬৪টি জেলা পরিষদের জনপ্রতিনিধিদের অপসারণ করে। এর মধ্যে ১২টি সিটি করপোরেশনসহ বিভিন্ন জায়গায় প্রশাসক নিয়োগ করে অন্তর্বর্তীকালীন সরকার। গত ১২ ফেব্রুয়ারি জাতীয় সংসদ নির্বাচনের পর ১৭ ফেব্রুয়ারি সরকার গঠন করে বিএনপি। গত রোববার স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে ঢাকা উত্তর-দক্ষিণ, নারায়ণগঞ্জ, গাজীপুর, সিলেট ও খুলনায় নতুন করে প্রশাসক নিয়োগ করা হয়। যাদেরকে প্রশাসক হিসেবে নিয়োগ করা হয়েছে, তাদের সবাই বিএনপির নেতা। কেউ কেউ আবার ওই সিটি নির্বাচনে পরাজিতও হয়েছিলেন অতীতে। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক হয়েছেন বিএনপির চেয়ারম্যানের উপদেষ্টা কাউন্সিলের সদস্য আবদুস সালাম। অন্যদিকে মো. শফিকুল ইসলাম খান মিল্টন ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক হয়েছেন। এছাড়া খুলনা সিটি করপোরেশনে নজরুল ইসলাম মঞ্জু, সিলেট সিটি করপোরেশনে আব্দুল কাইয়ুম চৌধুরী, নারায়ণগঞ্জ সিটি করপোরেশনে মো. সাখাওয়াত হোসেন খান এবং গাজীপুরে মো. শওকত হোসেন সরকার সিটি করপোরেশনের প্রশাসক হিসেবে নিয়োগ পেয়েছেন। সরকারের প্রজ্ঞাপনে বলা হয়েছে, সিটি করপোরেশন আইন অনুযায়ী করপোরেশন গঠিত না হওয়া পর্যন্ত বা তাদের সিটি করপোরেশনগুলোতে পূর্ণকালীন প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। মঙ্গলবার তারা দায়িত্ব নেওয়ার পর দক্ষিণের প্রশাসক আব্দুস সালাম বলেছেন, ”প্রধানমন্ত্রী আস্থা রেখেছেন। আমরা তার আস্থার প্রতিদান দেওয়ার চেষ্টা করবো। দলের আস্থা অর্জন করেছি কাজের মধ্যে দিয়ে জনগণের আস্থা অর্জন করে তারপর আমরা নির্বাচনে যাবো।„

স্থানীয় সরকার বিশ্লেষকরা বলছেন, মেয়র, কাউন্সিলার ও সংরক্ষিত কাউন্সিলার পদ নিয়ে গঠিত হয় সিটি করপোরেশন। শুধু মেয়র পদে প্রশাসক বসালে নাগরিক সুবিধা কতখানি নিশ্চিত হবে, সেটি নিয়েও প্রশ্ন তুলেছেন তারা। সাবেক স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব আবু আলম শহীদ খান বিবিসি বাংলাকে বলেছেন, সিটি করপোরেশনগুলোর মেয়র পদের সাথে সাথে কাউন্সিলার পদও শূন্য ঘোষণা করা হয়েছে। সুতরাং কাউন্সিলার ছাড়া তো নাগরিক সেবা নিশ্চিত করা সম্ভব না।„

### তিন সিটিতে নির্বাচন করতে মন্ত্রণালয়ের চিঠি

গত মঙ্গলবার ছয়টি সিটির নতুন প্রশাসকদের দায়িত্ব দেওয়ার পর স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ”সিটি করপোরেশনগুলো মধ্যে কতগুলোর মেয়াদ আছে, কতগুলোর মেয়াদ শেষ হয়ে গেছে। মেয়াদ অনুযায়ী ধাপে ধাপে সিটি করপোরেশন নির্বাচন হবে।„ আইন অনুযায়ী মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ১৮০

দিনের মধ্যে সিটি করপোরেশন নির্বাচন আয়োজনের আইনি বাধ্যবাধকতা রয়েছে। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রথম সভা অনুষ্ঠিত হয়েছিল ২০২০ সালের ২ জুন। সে হিসাবে গত বছরের ১ জুন এই সিটির পাঁচ বছরের মেয়াদ পূর্ণ হয়েছে। আর ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রথম সভা হয়েছিল ২০২০ সালের ৩ জুন। এই সিটির পাঁচ বছরের মেয়াদ শেষ হয়েছে ২০২৫ সালের ২ জুন। আর চট্টগ্রাম সিটি করপোরেশনের প্রথম সভা অনুষ্ঠিত হয়েছিল ২০২১ সালের ২৩ ফেব্রুয়ারি। এই সিটির মেয়াদ শেষ হয়েছে গত ২২ ফেব্রুয়ারি। গত ১ ফেব্রুয়ারি স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে নির্বাচন কমিশনে আলাদা দুইটি চিঠি পাঠানো হয়। একটি চিঠিতে বলা হয়, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটির মেয়াদ শেষ হয়েছে গত বছরের জুনে। এ অবস্থায় ঢাকার দুই সিটিতে নির্বাচন আয়োজনে ইসিকে অনুরোধ জানানো হয়। একই দিনে অর্থাৎ চলতি মাসের ১ ফেব্রুয়ারি আলাদা আরেকটি চিঠিতে স্থানীয় সরকার মন্ত্রণালয় জানায় যে, ২২ ফেব্রুয়ারি মেয়াদ শেষ হচ্ছে চট্টগ্রাম সিটি করপোরেশনের। চট্টগ্রাম সিটি করপোরেশনের নির্বাচন আয়োজনে ইসিকে অনুরোধও জানানো হয় মন্ত্রণালয়ের পক্ষ থেকে। এই তিনটি চিঠির পর নির্বাচন কমিশন কী করবে, সেটি নিয়ে প্রশ্ন করা হয়েছিল কমিশনার আনোয়ারুল ইসলামের কাছে। তিনি বিবিসি বাংলাকে বলেছেন, ”আমরা আলোচনা করে সিদ্ধান্ত নেবো। কিছু আইন- কানুনের বিষয় আছে, সেগুলোর সমাধান করতে হবে। নির্বাচন করতে প্রতীকের একটা বিষয় থাকতে পারে। বিভিন্ন কমিশনের রিপোর্ট আছে। সব কিছু মিলিয়ে কাজগুলো করতে হবে।„

এদিকে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর মঙ্গলবার সাংবাদিকদের এটাও বলেছেন যে, দলীয় প্রতীকে সিটি করপোরেশনসহ স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠানের চূড়ান্ত সিদ্ধান্ত জাতীয় সংসদ থেকে নির্ধারিত হবে। নির্বাচন আয়োজনের ক্ষেত্রে ঢাকা উত্তর ও দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি করপোরেশনকে অগ্রাধিকার দেওয়া হবে এবং পর্যায়ক্রমে বাকি সিটি করপোরেশন ও পৌরসভাসহ অন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচনের আয়োজন করা হবে বলেও জানান মির্জা ফখরুল। রাজনৈতিক ব্যক্তিদের প্রশাসক নিয়োগ-সংক্রান্ত প্রশ্নের জবাবে তিনি বলেন, ”রাজনৈতিক প্রশাসকরা জনগণের সঙ্গে সরাসরি সম্পৃক্ত থেকে সেবা নিশ্চিত করতে পারেন। সরকারি কর্মকর্তাদের চেয়ে তারা জনদুর্ভোগ লাঘবে বেশি কার্যকর ভূমিকা রাখতে পারবেন বলেই তাদের এই দায়িত্ব দেওয়া হয়েছে। তবে এসব সিটি করপোরেশনের মধ্যে যেটির মেয়াদ আগে শেষ হবে, সেখানে আগে নির্বাচন হবে।„

**নির্বাচন ও রাজনৈতিক বিতর্ক**

গত বছর অন্তর্বর্তীকালীন সরকারের আমলেই জাতীয় নির্বাচনের আগে সিটি করপোরেশন নির্বাচন আয়োজন নিয়ে নানা বিতর্ক তৈরি হয়েছিল। সে সময় জামায়াত ও ইসলামী আন্দোলন স্থানীয় নির্বাচন আগে আয়োজনের দাবি জানালেও, এবার তার আপত্তি জানায় বিএনপি। পরে অবশ্য সরকারও আগে জাতীয় নির্বাচনের আয়োজন করে। জাতীয় নির্বাচনের পর যখন স্থানীয় সরকার নির্বাচন নিয়ে আলোচনা চলছে, ঠিক তখন সরকারি প্রশাসকদের সরিয়ে রাজনৈতিক নেতাদের নিয়োগ দেওয়া হয়েছে ছয়টি সিটি করপোরেশনে। এরপরই এ নিয়ে নানা আলোচনা-সমালোচনা দেখা যায় রাজনৈতিক অঙ্গনে। যদিও বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকার মন্ত্রী মি. আলমগীর বলেছেন, মেয়াদ শেষ হওয়া অনুযায়ী ধাপে ধাপে নির্বাচন হবে। তবে, নির্বাচন কমিশনের আপাত নজর সিটি করপোরেশন নির্বাচন ঘিরে কতটা সেই প্রশ্নও সামনে আসছে। ছয় সিটি করপোরেশনে বিএনপি নেতাদের প্রশাসক হিসেবে নিয়োগের পর এর তীব্র প্রতিবাদ জানায় সংসদের বিরোধী দল জামায়াতে ইসলামী। দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার সোমবার বিবৃতিতে বলেছেন, দলীয় পদধারীদের প্রশাসক হিসেবে নিয়োগ গণতান্ত্রিক আকাঙ্ক্ষার পরিপন্থি। নির্বাচন পিছিয়ে দেওয়ার ষড়যন্ত্র এবং পাতানো নির্বাচনের প্রথম ধাপ। একই অবস্থান জাতীয় নাগরিক পার্টি বা এনসিপির। দলটি মনে করছে, বিগত জাতীয় নির্বাচনে ঢাকা সিটিসহ সিটি এলাকাগুলোতে 'বিএনপির ভোটের অবস্থান ভালো না হওয়ায়' এই মুহূর্তে নির্বাচনে আগ্রহী না বিএনপি। এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ বিবিসি বাংলাকে বলেছেন, ”দীর্ঘদিন ধরে সিটি করপোরেশনগুলোতে কোনো নির্বাচিত জনপ্রতিনিধি নেই। আর নির্বাচন আয়োজন করার আইনি বাধ্যবাধকতার সময়ও পার হয়ে গেছে। এমন অবস্থায় নাগরিক ভোগান্তি কমাতে দ্রুত নির্বাচন দরকার।„ দলটি বলছে, এই নির্বাচন নিয়ে একটা সংকট দেখছেন তারা ও তাদের শরিক জোট জামায়াতে ইসলামীও। এমন অবস্থায় দ্রুতই নির্বাচনের উদ্যোগ নেওয়া না হলে তারা জামায়াতে ইসলামীকে সাথে নিয়ে আন্দোলনে নামারও ইঙ্গিত দিয়েছে।

বিশ্লেষকরা মনে করছেন, দ্রুতই নির্বাচনের মাধ্যমে সিটি করপোরেশনেগুলো গঠন না হলে একদিকে যেমন নাগরিক ভোগান্তি বাড়বে, অন্যদিকে এ নিয়ে রাজনৈতিক পরিস্থিতিও জটিল হতে পারে। নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের সাবেক প্রধান বদিউল আলম মজুমদার বিবিসি বাংলাকে বলেন, ”সংবিধান অনুযায়ী এই প্রতিষ্ঠানগুলো নির্বাচিত প্রতিনিধি দ্বারা পরিচালিত হওয়ার কথা। আইনে আছে ১৮০ দিনের মধ্যে নির্বাচন হতে হবে। দ্রুতই যদি নির্বাচনের মাধ্যমে সংকটে সমাধান না করা হয়, তাহলে সংকট বাড়তে পারে।„

(বিবিসি ওয়েব পেজ : ২৬.০২.২০২৬ আলী আহমেদ)

## এবার ঈদে কতদিনের ছুটি পাবেন সরকারি-বেসরকারি চাকরিজীবীরা?

আরবি শাবান মাসের চাঁদ দেখা সাপেক্ষে আগামী মার্চ মাসের ২০ কিংবা ২১ তারিখ অনুষ্ঠিত হতে পারে মুসলমানদের অন্যতম ধর্মীয় উৎসব ঈদুল ফিতর। রোজার শুরু থেকেই প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলো বন্ধ রয়েছে। তবে সরকারি-বেসরকারি চাকরিজীবীরা এবার ঈদে কতদিন ছুটি কাটাতে পারবেন, তা নিয়ে কৌতূহল রয়েছে। প্রতি বছর ঈদের ছুটিতে অসংখ্য মানুষ বাংলাদেশের রাজধানী ঢাকা ছেড়ে যান। কাছাকাছি সময়ে বিপুল-সংখ্যক মানুষ ঢাকা ছাড়ার কারণে পথে পথে তৈরি হয় দীর্ঘ যানজনসহ নানা ভোগান্তি। তবে ঈদের ছুটি তুলনামূলক বড়ো হলে বা বাড়তি ছুটি থাকলে এই ভোগান্তি অনেকটা কমে আসে বলে অভিমত অনেকের। যে কারণে সাম্প্রতিক বছরগুলোয় সরকারের পক্ষ থেকে নির্বাহী আদেশে বাড়তি ছুটিও ঘোষণা করতে দেখা গেছে। এবারো ঈদে চাকরিজীবীরা কতদিন ছুটি পাবেন, তা নিয়ে আগ্রহ রয়েছে। বাংলাদেশ সরকার অনুমোদিত ছুটির তালিকা অনুযায়ী, ২০২৬ সালে ঈদুল ফিতরের সরকারি ছুটি মোট পাঁচদিন নির্ধারণ করা হয়েছে। তবে ঈদের ছুটি শুরুর একদিন আগে শবে কদরের ছুটি ও দুইদিন পরে ২৬ মার্চ স্বাধীনতা দিবসের ছুটি থাকায় মোট ছুটি কোনোভাবে বাড়বে কি না, তা নিয়ে প্রশ্ন বা কৌতূহল আছে অনেকের মধ্যে।

### এবারের ঈদের ছুটি কতদিন

গত ১৮ ফেব্রুয়ারি বাংলাদেশে রমজান মাসের চাঁদ দেখা গেছে। পরদিন ১৯ ফেব্রুয়ারি থেকে প্রথম রোজা শুরু হয় বাংলাদেশে। আরবি মাস চাঁদ দেখার ওপর নির্ভরশীল। এ বছর যদি মার্চ মাসের ২০ তারিখ হিজরি শাবান মাসের, অর্থাৎ ঈদুল ফিতরের চাঁদ দেখা যায়, তাহলে ২১ মার্চ অনুষ্ঠিত হবে ঈদুল ফিতর। আর যদি রমজান মাসের ৩০ দিন পূর্ণ হয়, তাহলে সেক্ষেত্রে আরো একদিন পর অর্থাৎ ২২ মার্চ ঈদুল ফিতর অনুষ্ঠিত হবে। এ বছর বাংলাদেশ সরকারের অনুমোদিত ছুটির তালিকা অনুযায়ী, ২০২৬ ঈদুল ফিতরের সরকারি ছুটি মোট পাঁচদিন নির্ধারণ করা হয়েছে। ২১ মার্চ ঈদুল ফিতরের সম্ভাব্য তারিখ হিসাব করে সরকারিভাবে ১৯ মার্চ বৃহস্পতিবার থেকে সোমবার ২৩ মার্চ পর্যন্ত ঈদের ছুটি ঘোষণা করা হয়েছে। ২৭ রমজান শবে কদরের দিন সব সময় সরকারি ছুটি থাকে। এ বছর ১৭ মার্চ মঙ্গলবার শবে কদরের বন্ধ আগে থেকেই নির্ধারিত রয়েছে। পরদিন ১৮ মার্চ বুধবার সাধারণ কর্মদিবস। ১৯ মার্চ ২৯ রোজা থেকেই শুরু হচ্ছে পাঁচদিনের ঈদের সরকারি ছুটি। এই ছুটি শেষ হবে ২৩ মার্চ সোমবার। এরপর ২৪ ও ২৫ মার্চ দুইদিন অফিস আদালত খোলা থাকবে। তবে ২৬ মার্চ বৃহস্পতিবার বাংলাদেশের স্বাধীনতা দিবসের ছুটি রয়েছে। পরের দুইদিন শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটির দিন। সেই হিসাবে সরকারি চাকরিজীবীরা ২৪ ও ২৫ মার্চ দুই দিনের নৈমিত্তিক ছুটি নিলে ১৯ মার্চ থেকে ২৮ মার্চ পর্যন্ত টানা ১০ দিনের ছুটি কাটানোর সুযোগ পেতে পারেন। আবার ১৮ মার্চ একদিনের বাড়তি ছুটি নিলে শবে কদর থেকেই এই ছুটি উপভোগ করার সুযোগ রয়েছে সরকারি চাকরিজীবীদের। সরকার ঘোষিত ছুটিতে বেসরকারি অনেক প্রতিষ্ঠানই বন্ধ থাকে, তবে এ ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্তৃপক্ষই মূলত ছুটি নির্ধারণ করে থাকে।

### আগেই ছুটি হয়েছে শিক্ষা প্রতিষ্ঠান

এবছরের রোজার শুরু থেকে বন্ধ রয়েছে স্কুল-কলেজ এবং মাদ্রাসাগুলো। কলেজের ছুটির তালিকা ও বর্ষপঞ্জি অনুযায়ী, ১৮ ফেব্রুয়ারি বুধবার থেকে রমজান উপলক্ষ্যে ছুটি শুরু হয়। রোজার আগের দিন থেকে এই ছুটি শুরু হয়ে বন্ধ থাকবে আগামী ২৯ মার্চ পর্যন্ত। শিক্ষা মন্ত্রণালয়ের ২০২৬ সালের সরকারি-বেসরকারি কলেজে ছুটির তালিকায়ই এই ছুটির বিষয়টি ঘোষণা করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ প্রকাশিত তালিকায় দেখা গেছে, পবিত্র রমজান, ঈদুল ফিতর-গ্রীষ্মকালীন ছুটি মিলে ১৮ ফেব্রুয়ারি থেকে ২৫ মার্চ পর্যন্ত বন্ধ থাকবে কলেজগুলো। এছাড়া স্বাধীনতা ও জাতীয় দিবসে ২৬ মার্চ এক দিনের ছুটি রয়েছে। এর পরের দুইদিন শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি। সে হিসাবে ২৯ মার্চ, রোববার থেকে খুলবে কলেজগুলো। চলতি শিক্ষাবর্ষে রমজান উপলক্ষ্যে মাদ্রাসাগুলোয় ১৫ ফেব্রুয়ারি থেকে, অর্থাৎ রমজান শুরুর আগে থেকে ছুটি শুরু হলেও মাধ্যমিক পর্যায়ের স্কুলগুলোতে এবার ১৫ রমজান অর্থাৎ সাতই মার্চ পর্যন্ত নিয়মিত ক্লাস চালু রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। কিন্তু এটি বৈষম্যমূলক দাবি করে রমজানের শুরু থেকেই শিক্ষার্থীদের ছুটি নিশ্চিত করতে জনস্বার্থে হাইকোর্টে রিট আবেদন করেছিলেন সুপ্রিম কোর্টের একজন আইনজীবী। ফেব্রুয়ারির মাঝামাঝি হাইকোর্ট বেঞ্চে রিট আবেদনের শুনানিতে রোজায় সরকারি-বেসরকারি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্কুল বন্ধ রাখার আদেশ দেয়। তবে আদালতের এই আদেশের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষ চেম্বার জজ আদালতে আবেদন করলে হাইকোর্টের সেই আদেশটি স্থগিত করে দেওয়া হয়। এর ফলে ছুটি নিয়ে আগের সিদ্ধান্তই বহাল থাকে। রোজার শুরু থেকেই বন্ধ থাকে সারা দেশের স্কুলগুলো, যে ছুটি শেষ হবে মার্চের শেষে।

### ঈদের ছুটি বাড়ানো হয়েছে আগেও

বাংলাদেশে ঈদুল ফিতর ও ঈদুল আজহা এই দুই ঈদেই তিনদিন করে সরকারি ছুটির চল ছিল। ঈদের আগের দিন, ঈদের দিন ও তার পরদিন ছুটি থাকতো। মূলত ঈদের ছুটি শুরুর পরপরই বিপুল-সংখ্যক মানুষ বাড়ি ফেরার জন্য বের হলে রেলস্টেশন, বাস ও লঞ্চ টার্মিনালগুলোতে অতিরিক্ত চাপ তৈরি হতে দেখা। ঘণ্টার পর ঘণ্টা যাত্রাপথে বসে

থাকতে হয়েছে মানুষকে। বিশেষ করে ঢাকার আশপাশের মহাসড়কে তৈরি হয় দীর্ঘ যানজট। তবে সাম্প্রতিক বছরগুলোয় ঈদের সময় রাস্তায় মানুষের ভোগান্তি লাঘবের কথা মাথায় রেখে ছুটি বাড়ানোর উদ্যোগ নিতে দেখা গেছে সরকারকে। ২০২৩ সালে তৎকালীন আওয়ামী লীগ সরকার শবে কদরের ছুটির পর নির্বাহী আদেশে একদিন ছুটি ঘোষণা করে, যার ফলে ঈদুল ফিরতে মোট ছুটি দাঁড়ায় পাঁচদিন। আওয়ামী লীগ ক্ষমতাচ্যুত হওয়ার পরে অন্তর্বর্তী সরকারের আমলে ঈদুল ফিতরের ছুটি বাড়িয়ে পাঁচদিন করা হয়। তবে গত বছর ঈদুল ফিতরে পাঁচদিন ছুটি ঘোষণার পর আবার নির্বাহী আদেশে আরো একদিনের বাড়তি ছুটি ঘোষণা করা হয়েছিল। গত বছর ঈদে দেখা গেছে লম্বা ছুটি থাকায় অন্যান্য বছরের তুলনায় কিছুটা স্বস্তিতে বাড়ি ফিরতে পেরেছেন অনেকে। গত ১৯ ফেব্রুয়ারি সড়ক পরিবহণ ও যোগাযোগ মন্ত্রী শেখ রবিউল আলম সাংবাদিকদের ব্রিফ করার সময় ঈদের ছুটি প্রসঙ্গে বলেন, "ছুটি ছোটো হয়ে গেলে চাপ নেওয়াটা একটু কঠিন হয়ে যায়। গতবার ছুটি বড়ো ছিল। এতে একটা সুবিধা পাওয়া গেছে। এবার আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, ওই প্রক্রিয়াটা অনুসরণ করব। পাশাপাশি নতুন করে আর কী প্রক্রিয়া গ্রহণ করলে ভোগান্তি কমবে সেটা ঠিক করা হবে।„(বিবিসি ওয়েব পেজ : ২৬.০২.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশ ব্যাংকের গভর্নর সরানো ও নিয়োগ নিয়ে এত আলোচনা কেন?

বাংলাদেশের আর্থিক খাতের নিয়ন্ত্রক সংস্থা কেন্দ্রীয় ব্যাংকের শীর্ষ নেতৃত্ব গভর্নর পদে আকস্মিক পরিবর্তন দেশটির অর্থনীতিতে নতুন এক আলোচনার জন্ম দিয়েছে। বাংলাদেশ ব্যাংকের সদ্য সাবেক গভর্নর ড. আহসান এইচ মনসুরকে সরিয়ে দেওয়ার প্রক্রিয়া নিয়ে যেমন প্রশ্ন উঠেছে, তেমনি নতুন গভর্নর মোস্তাকুর রহমানের নিয়োগ নিয়েও নানা আলোচনা চলছে। অনেকেই প্রশ্ন তুলেছেন, হঠাৎ কী কারণে মেয়াদ থাকার পরও অরাজনৈতিক প্রতিষ্ঠানটির গভর্নরকে সরিয়ে দেওয়া হলো। নতুন সরকার দায়িত্ব নেওয়ার কযেক দিনের মধ্যে নেওয়া এই সিদ্ধান্তটি, ব্যাংকিং খাতের পেশাদারিত্ব এবং স্বায়ত্তশাসনের গতিপ্রকৃতি নিয়েও নানা প্রশ্নের জন্ম দিয়েছে বলেই মনে করেন খাত সংশ্লিষ্টদের অনেকে। তারা বলছেন, নতুন সরকার এলে নতুন কাউকে দায়িত্ব দেওয়া হবে, এটা অস্বাভাবিক কিছু নয়। কিন্তু যেভাবে এটি করা হয়েছে, তা গ্রহণযোগ্য নয়। সাবেক গভর্নরকে সরিয়ে দেওয়ার প্রক্রিয়াটি ভালো ইঙ্গিত নয় বলেই মনে করেন বিশ্বব্যাংক ঢাকা কার্যালয়ের সাবেক মুখ্য অর্থনীতিবিদ ড. জাহিদ হোসেন। তিনি বলছেন, "একজনকে সরিয়ে আরেকজনকে নিয়োগ দেওয়া হলো, তার মানে আগে থেকেই সব প্রস্তুত ছিল। রাখতে না চাইলে ওনাকে আগে থেকেই বলে দিলে হতো।„ এছাড়া মি. মনসুর গভর্নর থাকা অবস্থায় আর্থিক খাতের সংস্কারে যে-সব পদক্ষেপ নেওয়া হয়েছিল, সেগুলো চলমান থাকবে কিনা- এ নিয়েও সন্দেহ প্রকাশ করেছেন কেউ কেউ।

অধ্যাদেশের মাধ্যমে আইন পরিবর্তনের যে কাজগুলো সাবেক গভর্নর করেছেন, সেগুলো সংসদে পাস না হলে এটি ব্যবহার করে বিগত সরকার যে-সব কাজ করেছে, তার সবই বৈধতা হারাবে বলেও মনে করেন অর্থনীতিবিদরা। তারা বলছেন, বাংলাদেশ ব্যাংকের এই পরিবর্তন কেবল একজন ব্যক্তির প্রস্থান বা আগমনের বিষয় নয়, এটি বাংলাদেশের সামগ্রিক আর্থিক স্থিতিশীলতার সাথে জড়িত। গভর্নর হিসেবে নতুন নিয়োগ পাওয়া মোস্তাকুর রহমানকে নিয়েও নানা আলোচনা সামনে আসছে। বিশেষ করে, মি. রহমানের ব্যবসায়িক পরিচয়ের সঙ্গে আর্থিক খাতের নিয়ন্ত্রক সংস্থার প্রধান হিসেবে নিয়োগ পাওয়ার বিষয়টি 'কনফ্লিক্ট অব ইন্টারেস্ট' বা স্বার্থের দ্বন্দ্ব তৈরি করে কিনা, এমন প্রশ্ন তুলেছেন অর্থনীতিবিদদের অনেকে। তবে এ নিয়ে বুধবার সাংবাদিকদের প্রশ্নে অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, নতুন সরকারের যে কর্মসূচি বা অগ্রাধিকার রয়েছে, সেগুলো বাস্তবায়নের প্রয়োজনে আরও অনেক জায়গায় পরিবর্তন হবে। এটা খুবই স্বাভাবিক বিষয় বলেও মন্তব্য তার। "একটা নতুন সরকার এসেছে। নতুন সরকারের অগ্রাধিকার আছে। পরিবর্তন শুধু বাংলাদেশ ব্যাংকেই হয়নি। এটা অনেক জায়গায় হচ্ছে এবং হতেই থাকবে,„ বলেও জানান মি. চৌধুরী।

### পরিবর্তনের প্রক্রিয়া নিয়ে প্রশ্ন

নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর থেকেই নানা ইস্যুতে অস্থিরতা চলছিল বাংলাদেশ ব্যাংক কার্যালয়ে। গভর্নরের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ তুলে কর্মসূচি পালন করছিলেন ব্যাংকের কিছু কর্মকর্তা-কর্মচারী। নাম প্রকাশে অনিচ্ছুক বাংলাদেশ ব্যাংকের একজন কর্মকর্তা বিবিসি বাংলাকে জানান, সরকার বদলের পর থেকেই প্রতিষ্ঠানটির সিনিয়র কর্মকর্তাদের অনেকে গভর্নরের সিদ্ধান্ত নিয়ে প্রকাশ্যে অসন্তোষ জানাচ্ছিলেন। গত ২৩ ও ২৪ ফেব্রুয়ারি বাংলাদেশ ব্যাংক অফিসার্স ওয়েলফেয়ার কাউন্সিলের নেতৃত্বে কয়েকশ কর্মকর্তা সাবেক গভর্নরের পদত্যাগের দাবিতে বিক্ষোভ কর্মসূচিও করেছেন বলে জানান তিনি। বিক্ষুব্ধদের অভিযোগ ছিল, ড. আহসান এইচ মনসুর কেন্দ্রীয় ব্যাংকের প্রশাসনে 'স্বৈরাচারী' মনোভাব কায়েম করেছিলেন এবং ব্যাংকের নিজস্ব বিধি লঙ্ঘন করে বিলাসবহুল গাড়ি কেনাসহ বিভিন্ন আর্থিক অনিয়মে জড়িয়েছেন। এ বিষয়ে জানতে সদ্য সাবেক গভর্নরের সঙ্গে বিবিসি বাংলা যোগাযোগের চেষ্টা করলেও, তার সাড়া মেলেনি। অবশ্য তাকে দায়িত্ব থেকে সরানোর আগে একটি সংবাদ সম্মেলনে মি. মনসুর দাবি করেছিলেন, কোনো গোষ্ঠীর ইঙ্গিতে প্রতিষ্ঠানের বিধি-বিধান না মেনে এখতিয়ার-বহির্ভূত বিষয়ে মন্তব্য করায় কয়েকজন কর্মকর্তাকে শোকজ করা হয়েছে। "বাংলাদেশ ব্যাংকে যেটা ঘটছে, সেটি অনভিপ্রেত। কোনো একটা বিশেষ মহল

কিছু স্বল্প-সংখ্যক কর্মকর্তাকে ব্যবহার করে আর্থিক খাতের শৃঙ্খলা এবং অর্জনকে পিছিয়ে দেওয়ার ষড়যন্ত্র হিসেবে কাজ করছে,„ বলেও উল্লেখ করেছিলেন তিনি। বাংলাদেশ ব্যাংকের গভর্নর পরিবর্তনের এই প্রক্রিয়াটি স্বাভাবিক ছিল না বলেই মনে করেন অর্থনীতিবিদ ও খাত সংশ্লিষ্টদের অনেকে। নাম প্রকাশে অনিচ্ছুক দুটি বেসরকারি ব্যাংকের উচ্চপদস্থ কর্মকর্তা বিবিসি বাংলাকে বলেন, কেন্দ্রীয় ব্যাংকের মতো একটি স্পর্শকাতর প্রতিষ্ঠানের প্রধানকে যদি বিক্ষোভের মুখে বিদায় নিতে হয়, তবে তা প্রাতিষ্ঠানিক কাঠামোর দুর্বলতাকেই প্রকাশ করে। দেশের ব্যাংক খাতের ভবিষ্যতের জন্য এই ঘটনা মোটেই স্বস্তির নয় বলেও মনে করেন তারা। নিয়োগ বাতিল ও নতুন নিয়োগের পুরো বিষয়টি একটি প্রক্রিয়ার মধ্যে যাওয়া উচিত ছিল বলেও মনে করেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ বা সিপিডি এর গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম। তিনি বলছেন, ”অর্থনীতি নিয়ে সরকারের নিজস্ব কিছু চিন্তা-ভাবনা থাকতেই পারে কিন্তু তার মানে এই নয় যে, এভাবে বিদায় জানাতে হবে। আগের গভর্নরকে কেন যেতে হলো, সেটার কারণই আমরা পর্যন্ত বুঝতে পারলাম না।„

**সংস্কার কার্যক্রমের কী হবে?**

বাংলাদেশে ২০২৪ সালের আগস্টে গণ-অভ্যুত্থান পরবর্তী সময় থেকে এখন পর্যন্ত বাংলাদেশের ব্যাংকিং খাতে বিশাল অঙ্কের খেলাপি ঋণ, নীতিগত অনিশ্চয়তা এবং বিনিয়োগকারীদের আস্থার অভাব বিদ্যমান রয়েছে। অর্থনীতিবিদের অনেকেই বলছেন, এমন পরিস্থিতিতে দায়িত্ব নিয়ে বেশ কিছু ইতিবাচক সিদ্ধান্ত নিয়েছিলেন সাবেক গভর্নর ড. আহসান এইচ মনসুর। দায়িত্ব গ্রহণের পর থেকেই মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ, খেলাপি ঋণ আদায়ে আইনি কাঠামো সংস্কার এবং ব্যাংক পুনর্গঠনের মতো বেশ কিছু আলোচিত পদক্ষেপ নিয়েছিলেন তিনি। এছাড়া, আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা আইএমএফ- এর পক্ষ থেকেও খেলাপি ঋণ কমানো এবং কেন্দ্রীয় ব্যাংকের স্বাধীনতা নিশ্চিত করার ওপরও কড়া শর্ত দেওয়া হয়েছে। এমন প্রেক্ষাপটে বাংলাদেশ ব্যাংকের কিছু কর্মকর্তা-কর্মচারীর দাবির প্রেক্ষিতে তাকে সরিয়ে দেওয়ার হঠাৎ সিদ্ধান্ত সংস্কার কাজগুলোকে অনিশ্চয়তায় ফেলবে বলেই মনে করেন সিপিডির গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম। বিবিসি বাংলাকে তিনি বলছেন, ”রিফর্ম সব সময়ই জটিল। কারণ অনেক পক্ষ এটা পছন্দ করে না, এতে নাখোশ হয়। সেটাতে যদি সরকার প্রভাবিত হয়ে থাকে, সেটা দুঃখজনক।„ বিগত সরকারের সময় নেওয়া আর্থিক খাতের সংস্কার কার্যক্রমগুলোও বাধাগ্রস্ত হতে পারে বলে মনে করেন অর্থনীতিবিদ ড. জাহিদ হোসেন। তিনি বলছেন, সাবেক গভর্নর অর্ডিন্যান্সের মাধ্যমে আইন পরিবর্তনের কিছু কাজ করেছেন, যেগুলো সংসদের মাধ্যমে পাস হতে হবে। বিশেষ করে, ব্যাংক রেজুলেশন অর্ডিন্যান্স যদি সরকার পাস না করে, তাহলে এটি ব্যবহার করে বিগত সরকার যে-সব কাজ করেছে, তার সবই বৈধতা হারাবে। ”পাঁচটি ব্যাংক একিভূতকরণের যে কাজগুলো হয়েছে, যেখানে সরকার ৩২ হাজার কোটি টাকা দিয়েছে, এটিও একটি জটিলতার মধ্যে পড়বে,„ বলেও মত মি. হোসেনের।

**নতুন গভর্নর এবং 'স্বার্থের সংঘাত' বিতর্ক**

নতুন গভর্নর হিসেবে মোস্তাকুর রহমানের নিয়োগ দেশের অর্থনীতিবিদ ও ব্যাংক খাত সংশ্লিষ্টদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে। কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট এবং শীর্ষস্থানীয় ব্যবসায়িক গোষ্ঠীর সাথে যুক্ত মি. রহমান দেশের আর্থিক খাত সংস্কারে কতটা ভূমিকা রাখতে পারবেন, এ নিয়েও নানা ব্যাখ্যা বিশ্লেষণ চলছে। জানা গেছে, দায়িত্ব পাওয়া নতুন গভর্নর মোস্তাকুর রহমান পোশাক, আবাসন ও ট্রাভেল এজেন্সির ব্যবসার সঙ্গে জড়িত। সিপিডির গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম বলছেন, কাগজে কলমে যা আছে, কেবল তার ভিত্তিতেই নতুন গভর্নরের যোগ্যতার বিচার করা ঠিক হবে না। তার ডিগ্রি এবং বিজনেস ব্যাকগ্রাউন্ডের বিষয়গুলো বাংলাদেশ ব্যাংকের গভর্নর হওয়ার জন্য অপ্রাসঙ্গিক নয় বলেও মনে করেন তিনি। তবে ”কনফ্লিকট অব ইন্টারেস্টের বিষয়গুলো সামনে আসলেই একটু থমকে যেতে হয় যে, এগুলো ঠিকমতো রিসলভ হয়েছে কিনা- এটিই প্রশ্ন,„ বিবিসি বাংলাকে বলেন মি. মোয়াজ্জেম। সাধারণত বাংলাদেশ ব্যাংকের গভর্নর পদে অর্থনীতিবিদ বা পেশাদার আমলাদেরই অতীতে নিয়োগ দেওয়া হয়েছে। প্রথমবারের মতো এমন একজনকে এই দায়িত্ব দেওয়া হলো যিনি পোশাক ও রিয়েল এস্টেট খাতের একজন ব্যবসায়ী। এছাড়া, দেশের একটি বেসরকারি ব্যাংকে তার নামে থাকা একটি লোন পুনঃতফশিল করার বিষয়টি নিয়েও নানা আলোচনা রয়েছে। এক্ষেত্রে ঋণ খেলাপিদের শাস্তি দেওয়া বা ব্যাংক তদারকি করার ক্ষেত্রে তিনি কতটা নিরপেক্ষ থাকতে পারবেন, তা নিয়ে উদ্বেগ জানিয়েছেন অনেকে। ”তিনি হয়ত প্রতিষ্ঠানের দায়িত্ব থেকে সরলেন, কিন্তু মালিকানা তো তারই। এছাড়া লোন পুনঃতফশিলের বিষয়টিও তো কনফ্লিক্ট অব ইন্টারেস্টের জায়গা,„ বলেন মি. মোয়াজ্জেম।

এছাড়া এই পদে নিয়োগের প্রক্রিয়া নিয়েও প্রশ্ন তুলেছেন অর্থনীতিবিদদের অনেকে। মূলত, বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক পরিচালিত হয় ১৯৭২ সালের বাংলাদেশ ব্যাংক অর্ডার অনুযায়ী। যেখানে কিছু নির্দেশনা থাকলেও গভর্নর নিয়োগে নির্দিষ্ট কোনো নীতিমালা নেই। এমনকি ব্যবসায়ী বা অন্য কোনো পেশার মানুষ গভর্নর হতে পারবেন না, এমন কিছুও সেখানে উল্লেখ নেই। দেশের আর্থিক খাতের গুরুত্বপূর্ণ এই পদটিতে নিয়োগের সিদ্ধান্ত সরকারের। এক্ষেত্রে চার বছর মেয়াদে নিয়োগের কথা বলা হলেও, সরকার চাইলে মেয়াদ বাড়াতে পারবে। গভর্নর নিয়োগ এবং

বাতিলের একটি প্রক্রিয়া থাকা উচিত বলেই মনে করেন বিশ্বব্যাংক ঢাকা কার্যালয়ের সাবেক মুখ্য অর্থনীতিবিদ ড. জাহিদ হোসেন। তিনি বলছেন, "যোগ্য ব্যক্তিদের শর্টলিস্ট করে, তাদেরকে ডাকা হবে, তার মধ্য থেকে সিদ্ধান্ত নেওয়া হবে," এটি না হলে নিয়োগ এবং বাতিলের প্রক্রিয়া নিয়ে প্রশ্ন থেকেই যাবে।

(বিবিসি ওয়েব পেজ : ২৬.০২.২০২৬ আলী আহমেদ)

## 'মববিরোধী' সরকার কি মব নিয়ন্ত্রণ করতে পারবে?

বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকে গভর্নর পদে আহসান এইচ মনসুরকে বুধবার যখন সরানোর প্রক্রিয়া চলছিল, সে সময় তার উপদেষ্টাসহ তিন কর্মকর্তাকে 'মব' বা দলবদ্ধ বিশৃঙ্খলা সৃষ্টি করে বের করে দেওয়ার অভিযোগ নানা আলোচনার জন্ম দিয়েছে। এই ঘটনার ব্যাপারে বাংলাদেশ ব্যাংকের বিএনপি সমর্থিত কর্মকর্তাদের দায়ী করা হচ্ছে। সম্প্রতি ঢাকার বাইরে বরিশালে আদালতের এজলাসে এবং সুপ্রিমকোর্টে আইনজীবীদের কক্ষে হামলা ও ভাঙচুরের ঘটনায়ও বিএনপি সমর্থিতদের বিরুদ্ধে 'মব' বা দলবদ্ধ বিশৃঙ্খলা সৃষ্টির অভিযোগ উঠেছে। সদ্য বিদায় নেওয়া অন্তর্বর্তী সরকারের সময়ে আলোচনায় ছিল মব সৃষ্টি করে দেশের বিভিন্ন জায়গায় বাড়ি-ঘর-ব্যবসায়িক প্রতিষ্ঠান, মাজারে হামলা, অগ্নিসংযোগের নানা ঘটনা। যদিও নবনির্বাচিত বিএনপি সরকারের দায়িত্ব গ্রহণের পরদিনই স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ "মব কালচার শেষ" বলে ঘোষণা দিয়েছিলেন। কিন্তু দশদিন পার হতে না হতেই নতুন এই সরকারের সময়ও মব সৃষ্টির পর পর কয়েকটি অভিযোগ এসেছে। এদিকে, বিরোধী দলীয় নেতা, জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান বাংলাদেশ ব্যাংকের ঘটনাকে 'বর্তমান সরকার সমর্থিত মব কালচারের আনুষ্ঠানিক সূচনা' বলে বর্ণনা করেছেন। মব-এর ব্যাপারে বিএনপি সরকারের ভূমিকা নিয়েই প্রশ্ন তুলেছেন বিরোধী রাজনীতিকদের অনেকে।

অপরাধ বিশ্লেষকেরা বলছেন, মবের এসব ঘটনায় এটাই প্রতিফলিত হয়েছে যে, আইনের শাসন প্রতিষ্ঠায় সরকার প্রধানের চিন্তা-ভাবনা তার দলীয় নেতা-কর্মীরা ধারণ করতে পারছেন কি না, সেই প্রশ্ন থাকে। অপরাধ বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক তৌহিদুল হক বলছেন, "মবের মতো ঘটনায় দ্রুততম সময়ে আইনের প্রয়োগ করলে মব নিয়ন্ত্রণ করতে পারবে সরকার।" এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করে তাৎক্ষণিকভাবে কোনো বক্তব্য পাওয়া যায়নি। তবে ক্ষমতাসীন দল বিএনপির একাধিক নেতা দাবি করেছেন, তাদের সরকার মবকে রাজনৈতিকভাবে প্রশ্রয় দেবে না। এ ব্যাপারে তারা কঠোর থাকবে।

### বাংলাদেশ ব্যাংকে 'মব' সৃষ্টির অভিযোগ, কী ঘটেছে

বাংলাদেশ ব্যাংকের গভর্নর থাকার সময় আহসান এইচ মনসুরের বিভিন্ন সিদ্ধান্ত ঘিরে কর্মকর্তাদের একাংশ ক্ষুব্ধ হয়ে তার বিরুদ্ধে একটি সংবাদ সম্মেলন করে। এর সূত্র ধরেই মূলত বাংলাদেশ ব্যাংকে অস্থিরতা চলছিল। ওই ঘটনায় তৎকালীন গভর্নর মি. মনসুর তিনজন কর্মকর্তাকে প্রথমে কারণ দর্শানোর নোটিশ এবং পরে মঙ্গলবার ঢাকার বাইরে তাদের বদলি করার নির্দেশ দেন। সেই নোটিশ বা বদলির আদেশ বাতিলের দাবি তুলে বুধবার প্রতিবাদ সভা করেন কর্মকর্তাদের একাংশ। অফিসার্স ওয়েলফেয়ার কাউন্সিলের ব্যানারে ওই প্রতিবাদসভা আয়োজন করা হয়। বাংলাদেশ ব্যাংকের এই কর্মকর্তারা বিএনপিপন্থি হিসেবে পরিচিত। তাদের ক্ষোভ ও প্রতিবাদ কর্মসূচির মুখে এক পর্যায়ে আহসান এইচ মনসুর এক জরুরি সংবাদ সম্মেলন করেন। সেখানে তিনি দাবি করেন, একটি কুচক্রী মহলের ইন্ধনে কর্মকর্তাদের এই আন্দোলন। সংবাদ সম্মেলনের পরপরই মি. মনসুর বেলা আড়াইটায় কর্মস্থল ত্যাগ করেন। বুধবার প্রতিবাদ সভা পাল্টা সংবাদ সম্মেলন, বাংলাদেশ ব্যাংকে এমন অস্থির পরিস্থিতির মধ্যেই মি. মনসুরকে সরিয়ে দেওয়া ও নতুন গভর্নর নিয়োগের সরকারের সিদ্ধান্ত আসে। এই খবর ছড়িয়ে পড়লে প্রতিবাদে অংশ নেওয়া কয়েকজন কর্মকর্তা মি. মনসুরের পিএস ও বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক কামরুল ইসলামকে বাংলাদেশ ব্যাংকের কার্যালয় থেকে জোর করে বের করে দেন। তবে কেবল মি. ইসলামই নয়, সাবেক গভর্নরের উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক নির্বাহী পরিচালক আহসান উল্লাহ ও নিরাপত্তা বিভাগের পরিচালক ফারুক হাওলাদারকেও একইভাবে বের করে দেওয়া হয়। সাবেক গভর্নরের উপদেষ্টা আহসান উল্লাহকে বের করে দেওয়ার একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে। এতে দেখা যাচ্ছে, কয়েকজন মিলে ধাক্কা দিতে দিতে তাকে কার্যালয় থেকে বের করছেন। এক পর্যায়ে গাড়িতে ওঠার সময় মি. উল্লাহকে ঘিরে ধরে অশ্লীল ভাষা করতে দেখা যায় বিক্ষুব্ধদের। তাকে গাড়িতে উঠতেও বাধা দেওয়া হয়। পরে বাংলাদেশ ব্যাংকেরই দুইজন নির্বাহী পরিচালক ও নিরাপত্তা প্রহরীর সহায়তায় তিনি গাড়িতে উঠে চলে যান। এ ঘটনাগুলো মব বা দলবদ্ধ বিশৃঙ্খলা সৃষ্টি করে ঘটানো হয়েছে বলে অভিযোগ ওঠে। এরপর নতুন গভর্নর নিয়োগের পরই তিন কর্মকর্তার বদলির আদেশ প্রত্যাহার করা হয়। সাবেক গভর্নরের পিএস কামরুল ইসলামকে হেড অফিস থেকে সদরঘাট শাখায় বদলি করা হয়।

### বরিশালে আদালতে বিশৃঙ্খলা

ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সমর্থিত আইনজীবীদের জামিন দেওয়ার কারণে মঙ্গলবার বরিশালে বিচার চলাকালীন আদালতের এজলাসে ঢুকে হট্টগোল করা হয়। এই ঘটনায় জড়িত থাকার অভিযোগ উঠেছে বরিশাল জেলা আইনজীবী সমিতির সভাপতি বিএনপিপন্থি আইনজীবী সাদিকুর রহমান লিংকনসহ কয়েকজন আইনজীবীর বিরুদ্ধে। ঘটনার একটি

ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে আদালতেও 'মব' সৃষ্টির অভিযোগ ঘিরে চলছে আলোচনা-সমালোচনা। পরে বুধবার মি. লিংকনকে গ্রেফতার করে আদালতে হাজির করা হয়। সেই গ্রেফতারের প্রতিবাদে বিক্ষোভ করেন বিএনপিপন্থি আইনজীবীরা। এই ঘটনায় আইনজীবী সমিতির সভাপতি, সাধারণ সম্পাদকসহ **১২** জনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাতনামা আরো তিন থেকে আটজনের বিরুদ্ধে দ্রুত বিচার আইনে মামলা দায়ের করেছেন বরিশালের অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বেঞ্চ সহকারী রাজিব মজুমদার। পরে মি. লিংকনের জামিন আবেদন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠিয়েছে বরিশালের বিচারিক আদালত। এদিকে, এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করে, আদালতের স্বাভাবিক কার্যক্রম নির্বিঘ্ন রাখতে সকলকে সংযম, দায়িত্বশীলতা ও আইনের প্রতি শ্রদ্ধাশীল আচরণ প্রদর্শনের জন্য আহ্বান জানিয়েছে সুপ্রিমকোর্ট কর্তৃপক্ষ। এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলেও জানিয়েছে কর্তৃপক্ষ।

বরিশাল জেলা আইনজীবী সমিতির সভাপতি সাদিকুর রহমান লিংকন, সম্পাদক মির্জা রিয়াজুল ইসলামসহ সমিতির নয়জন আইনজীবীর বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগেও রুল জারি করেছেন হাইকোর্ট। স্বতঃপ্রণোদিত হয়ে হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চ এই কারণ দর্শানোর নোটিশ জারি করেছে। কেন তাদের বিরুদ্ধে আদালত অবমাননার কার্যক্রম শুরু করা হবে না এবং শাস্তি কেন দেওয়া হবে না, সে বিষয়ে জানতে চাওয়া হয়েছে ওই নোটিশে। ওই নয় আইনজীবীকে **১০** দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশের জবাব দিতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। এ বিষয়ে পরবর্তী শুনানি **১১**ই মার্চ।

**সুপ্রিমকোর্টে আইনজীবীদের কক্ষে ভাঙচুর ও হামলা**

বরিশাল আদালতের পর হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে সুপ্রিম কোর্ট প্রাঙ্গণেও। বুধবার দুপুর আড়াইটার দিকে সুপ্রিমকোর্টে আওয়ামীপন্থি কয়েকজন আইনজীবীর কক্ষে হামলা-ভাঙচুর চালানো হয়। কারণ আওয়ামীপন্থি আইনজীবীরা বরিশালে আদালতের এজলাসে হামলার প্রতিবাদে সুপ্রিমকোর্ট প্রাঙ্গণে মানববন্ধন করেছিলেন। এই হামলার ঘটনায়ও বিএনপিপন্থি জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের নেতা-কর্মীদের বিরুদ্ধে অভিযোগ উঠেছে। যে আইনজীবীদের কক্ষে হামলা-ভাঙচুরের ঘটনা ঘটেছে, তাদের মধ্যে আইনজীবী চঞ্চল কুমার বিশ্বাস বিবিসি বাংলার কাছে দাবি করেন, জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের ২০-২৫ জন এই হামলা-ভাঙচুরের ঘটনা ঘটায়। মি. বিশ্বাস জানান, আওয়ামীপন্থি আইনজীবীরা এই ঘটনা প্রধান বিচারপতিকে অবহিত করেছেন। তবে এই ঘটনার বিষয়ে এখনো আইনজীবী সমিতিতে অভিযোগ করা হয়নি এবং সমিতির সভাপতিকে অবহিত করা হবে বলেও জানান তিনি। এদিকে, বিএনপি সমর্থিত আইনজীবীদের একজন নেতা মব সৃষ্টি করে হামলার অভিযোগ অস্বীকার করেছেন।

**বাসসের এমডিকে বের করে দেওয়া হয়**

নতুন সরকারের শপথের পরদিনই **১৮** ফেব্রুয়ারি বাংলাদেশের রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসসে অস্থিরতা দেখা দেয়। ওইদিন প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক মাহবুব মোর্শেদকে বের করে দেওয়ার অভিযোগ উঠেছে। সেদিন প্রতিষ্ঠানটিতে কর্মরত কয়েকজনের সাথে কথা বলে সংবাদ প্রকাশ করেছিল বিবিসি বাংলা। মাহবুব মোর্শেদের বিরুদ্ধে অপেশাদার আচরণ এবং একনায়কতান্ত্রিকভাবে প্রতিষ্ঠান পরিচালনার অভিযোগ এনেছেন বিক্ষুব্ধরা। প্রতিষ্ঠানটির প্রধান বার্তা সম্পাদক মো. মানিকুল আজাদ বিবিসি বাংলাকে বলেছিলেন, কর্মীদের সঙ্গে খারাপ আচরণের কারণে অনেকদিন ধরেই তার ওপর ক্ষোভ বিরাজ করছিল। যদিও এমন অভিযোগ অস্বীকার করেছিলেন মাহবুব মোর্শেদ। সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া একটি পোস্টে এসব ঘটনার পেছনে অফিসে মব সৃস্টি করে, হামলা করে তাকে সরানো হলো কেন, এমন প্রশ্ন তুলেছেন তিনি। একইসাথে এ ঘটনায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল বা বিএনপিকে দায়ী করেছেন তিনি। দলটি মব সৃষ্টির অভিযোগ অস্বীকার করেছে। উল্লেখ্য, আওয়ামী লীগ সরকার পতনের পর ২০২৪ সালের **১৭** আগস্ট দুই বছরের চুক্তিতে মি. মোর্শেদকে বাসসের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োগ দিয়েছিল বিগত অন্তর্বর্তীকালীন সরকার।

**'দ্রুত আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে'**

মানবাধিকার কর্মী ও অপরাধ বিশ্লেষকেরা বলছেন, একেক সরকারের সময় 'মব ভায়োলেন্স'-এর মতো অপরাধ একেক ধরনের রূপ ধারণ করে। অন্তর্বর্তী সরকারের আমলে রাজনৈতিক শূন্যতা ও বিচারহীনতার কারণেই মব সৃষ্টি করে হামলার ঘটনা বেড়েছিল বলে মনে করেন বিশ্লেষকরা। মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন বা এমএফএস-এর প্রধান নির্বাহী আইনজীবী সাইদুর রহমান বলছেন, বাংলাদেশ ব্যাংক, বরিশাল আদালত, সুপ্রিম কোর্টে আইনজীবীদের কক্ষে ভাঙচুর সব ঘটনাই মবের আরেক রূপ। তবে মব নিয়ন্ত্রণে এখন এই রাজনৈতিক সরকারের সদিচ্ছা রয়েছে। বরিশালের ঘটনায় সেটি দৃশ্যমান হয়েছে বলে উল্লেখ করেন মি. রহমান। এই মানবাধিকার কর্মী প্রত্যাশা করছেন, সময়ের ব্যবধানে এই রাজনৈতিক সরকার 'মব'-এর মতো অপরাধ নিয়ন্ত্রণ করতে পারবে। অপরাধ বিশ্লেষক ড. তৌহিদুল হক বলছিলেন, রাজনৈতিক শক্তি ব্যবহার করে কাউকে পদত্যাগে বাধ্য করা, অসম্মান করা বা শক্তি প্রদর্শনের মতো ঘটনাকে বিক্ষোভ, সংক্ষুব্ধ জনতার উচ্ছৃঙ্খল আচরণ যেভাবেই আখ্যায়িত করা হোক, তা মবের

সংজ্ঞার মধ্যেই পড়ে। ফলে, রাজনৈতিক দলের এই সরকারকে 'মব'-এর মতো অপরাধ সতর্কতার সাথে আইনগতভাবেই নিয়ন্ত্রণ করতে হবে বলে মনে করেন তিনি। বরিশাল আদালতের ঘটনায় যেভাবে আইনি পদক্ষেপ নেওয়া হয়েছে, সেটা ওই অঙ্গনের জন্য একটি বার্তা, তাই অন্যান্য ক্ষেত্রেও এমন কঠোর আইনি পদক্ষেপ নিতে হবে বলে মনে করেন মি. হক। তিনি বলেন, "মব-এর ক্ষেত্রে সাংগঠনিক ব্যবস্থা এবং প্রচলিত ফৌজদারি আইনানুযায়ী দ্রুতগতিতে ব্যবস্থা গ্রহণ করলে তা নিয়ন্ত্রণ করা সম্ভব।„বিবিসি ওয়েব পেজ : ২৬.০২.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### প্রতিরক্ষা সরঞ্জাম স্থানান্তরের ক্ষেত্রে সীমা বিলোপের খসড়া প্রস্তাব গ্রহণ জাপানের এলডিপির

জাপানের প্রধান ক্ষমতাসীন লিবারেল ডেমোক্রেটিক পার্টির একটি কমিশন, দেশের প্রতিরক্ষা সরঞ্জামের স্থানান্তর পাঁচটি অপ্রাণঘাতী বিভাগে সীমিত রাখার যে বিধি-নিষেধ রয়েছে, সেটি বাতিল করার একটি খসড়া প্রস্তাব গ্রহণ করেছে। বুধবার এক বৈঠকে এলডিপির নিরাপত্তা বিষয়ক গবেষণা কমিশন বর্তমান নিয়ম সংশোধনের এই খসড়া প্রস্তাব অনুমোদন করে। এই নিয়মগুলো বিদেশে প্রতিরক্ষা সরঞ্জাম ও প্রযুক্তি স্থানান্তরের ক্ষেত্রে দেশের তিনটি নীতি বাস্তবায়নের ব্যাপারে নির্দেশিকা হিসেবে কাজ করে। বিদেশে সরবরাহ বর্তমানে পাঁচটি শ্রেণির সরঞ্জামের মধ্যে সীমিত, যার মধ্যে রয়েছে- "উদ্ধার„ এবং "পরিবহণ„ সংক্রান্ত সরঞ্জাম। খসড়ায় এটি সম্প্রসারণ করে প্রাণঘাতী ক্ষমতাসম্পন্ন সরঞ্জামও অন্তর্ভুক্ত করার প্রস্তাব দেওয়া হয়েছে। খসড়ায় বলা হয়েছে, প্রতিরক্ষা সরঞ্জাম ও প্রযুক্তি হস্তান্তর কেবল জাপানের সাথে চুক্তি স্বাক্ষরকারী দেশসমূহের প্রাপকদের মধ্যেই সীমিত রাখা উচিত। এতে আরও বলা হয় যে, বিশেষ পরিস্থিতির অবতারণা না হলে, যুদ্ধে লিপ্ত কোনও দেশকে এই ব্যবস্থা থেকে নীতিগতভাবে বাদ দেওয়া হবে। কমিশনে সভাপতিত্বকারী প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রী ওনোদেরা ইৎসুনোরি বৈঠকের পর সাংবাদিকদের বলেন যে, আগামী সপ্তাহে তার দলের অভ্যন্তরীণ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তিনি খসড়াটি দ্রুত সরকারের কাছে জমা দিতে চান।
(এনএইচকে ওয়েবপেইজ: ২৬.০২.২৬ রনি)

## আকাশবাণী কলকাতা

### বাংলাদেশে এনসিপি সে দেশের রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে গ্রেফতারের দাবি জানিয়েছে

বাংলাদেশ ন্যাশনাল সিটিজেন পার্টি এনসিপি সে দেশের রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিনকে ইমপিজ এবং গ্রেফতারের দাবি জানিয়েছে। ২০২৪ সালের জুলাই মাসে গণ-অভ্যুত্থানের সময় তিনি কোনো পদক্ষেপ নেননি বলেও অভিযোগ করেছেন এনসিপির আহ্বায়ক এবং বিরোধীদলের চিফ হুইপ নাহিদ ইসলাম।
(আকাশবাণী কলকাতা: ১৩:৩০ ঘ, ২৬.০২.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### নতুন গভর্নর নিয়ে উদ্বেগ টিআইবির

বাংলাদেশ ব্যাংকের নবনিযুক্ত গভর্নরের নিরপেক্ষতা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। বৃহস্পতিবার এক বিবৃতিতে সংস্থাটি প্রশ্ন তোলে, নিজ প্রতিষ্ঠানের জন্য বিশেষ বিবেচনায় ঋণ পুনঃতফশিল করা একজন ব্যবসায়ী করপোরেট স্বার্থের প্রভাবমুক্ত হয়ে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ ও ব্যাংক খাতের সুশাসন নিশ্চিতে কতটা নির্মোহভাবে দায়িত্ব পালন করতে পারবেন। টিআইবি নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, দেশের ইতিহাসে প্রথমবারের মতো একজন ব্যবসায়ীকে কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর পদে নিয়োগ দেওয়া হয়েছে, যার ব্যাংকিং খাতে অভিজ্ঞতা মূলত ঋণ পুনঃতফশিল ও ব্যবসায়ী লবির সঙ্গে সংশ্লিষ্ট। সদ্য ক্ষমতাসীন দলের নির্বাচন পরিচালনা কমিটির সদস্যকে এই পদে নিয়োগ দেওয়া সরকারের নির্বাচনি অঙ্গীকারের সুস্পষ্ট লঙ্ঘন বলেও মন্তব্য করেন তিনি। টিআইবি আরও বলছে, সংসদ সদস্যদের প্রায় ৫০ শতাংশ ঋণগ্রস্ত এবং মন্ত্রিপরিষদের ৬২ শতাংশের মূল পেশা ব্যবসা- এই প্রেক্ষাপটে নতুন গভর্নর ব্যবসায়ী লবির চাপমুক্ত থেকে স্বাধীনভাবে কাজ করতে পারবেন কিনা, সে প্রশ্ন এখন সামনে এসেছে। বিদেশি বিনিয়োগ ও আর্থিক খাতের স্থিতিশীলতার স্বার্থে এই নিয়োগ পুনর্বিবেচনার আহ্বান জানিয়েছে সংস্থাটি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ রুবাইয়া)

### কক্সবাজারে গ্যাস ফিলিং স্টেশনে আগুন, বিস্ফোরণ

কক্সবাজার পৌরসভার কলাতলীতে নবনির্মিত গ্যাস ফিলিং স্টেশনে বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডে অন্তত ১৫ জন আহত হয়েছেন। পুলিশ জানায়, গ্যাস স্টেশনটিতে বুধবার সন্ধ্যা ৭টার দিক থেকে গ্যাস লিকেজ শুরু হয়। প্রায় তিন ঘণ্টা ধরে গ্যাস বাতাসে ছড়িয়ে পড়ে এবং রাত সাড়ে ১০টার দিকে বিস্ফোরণ হয়। কক্সবাজার সদর হাসপাতালের আবাসিক মেডিক্যাল কর্মকর্তা সবুক্তগীন মাহমুদ সোহেল দ্য ডেইলি স্টারকে জানান, আহতদের মধ্যে ছয়জন স্থানীয় হাসপাতালে চিকিৎসাধীন। তিনি বলেছেন, "গুরুতর আহত একজনকে ঢাকায় পাঠানো হয়েছে এবং আরও আটজনকে চট্টগ্রামে রেফার করা হয়েছে।„ কক্সবাজার সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ছমি উদ্দিন বলেন, "এন

আলম নামের গ্যাস স্টেশনটিতে প্রায় তিন ঘণ্টা গ্যাস লিকেজ চলতে থাকায় আশপাশের এলাকার বাতাসে গ্যাস ছড়িয়ে পড়ে। প্রায় এক কিলোমিটার এলাকা জুড়ে গ্যাসের গন্ধ ছড়ায়, এতে বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।„ স্থানীয় বাসিন্দা শহিদুল ইসলাম বলেন, ”গ্যাসের তীব্র গন্ধে শ্বাস নিতে কষ্ট হচ্ছিল। আমরা ফায়ার সার্ভিসকে খবর দিয়েছিলাম। তারপর রাত ১০টার দিকে বিকট শব্দে বিস্ফোরণ ঘটে।„

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ রুবাইয়া)

## আওয়ামী লীগ কর্মীদের বিরুদ্ধে অবস্থা বুঝে ব্যবস্থা পুলিশের

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা-কর্মীদের বিরুদ্ধে অবস্থা বুঝে ব্যবস্থা নেবে পুলিশ। মাঠ পর্যায়ের পুলিশ কর্মকর্তাদের এমন নির্দেশনাই দেওয়া হয়েছে। কেউ দলীয় কার্যক্রমে সক্রিয় হলে গ্রেফতার করতে বলা হয়েছে। পুলিশ সদর দপ্তর, বিভিন্ন রেঞ্জ ও জেলা পুলিশের সঙ্গে কথা বলে এমন তথ্য পাওয়া গেছে। সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, জাতীয় নির্বাচনের পরে বিভিন্ন স্থানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা-কর্মীরা সক্রিয় হতে শুরু করেন। বন্ধ কার্যালয় খোলার পাশাপাশি বিভিন্ন কর্মসূচিতেও তাদের অংশগ্রহণ দেখা গেছে। এ ক্ষেত্রে করণীয় নিয়ে মাঠ পর্যায়ের পুলিশ সদস্যদের মধ্যে দ্বিধা ছিল। এমন পরিস্থিতিতে ২২ ফেব্রুয়ারি মাঠ পর্যায়ে পরিষ্কার বার্তা দিয়েছে পুলিশ সদর দপ্তর। ওই দিন ভার্চ্যুয়াল সভায় পুলিশ সদর দপ্তরের পক্ষ থেকে বলা হয়েছে, কার্যক্রম নিষিদ্ধ রাজনৈতিক দলের কোনো ধরনের তৎপরতা চলতে দেওয়া যাবে না। কেউ বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করলে আইনি ব্যবস্থা নিতে হবে। গত মঙ্গলবার রাজশাহী রেঞ্জের উপ-মহাপরিদর্শক (ডিআইজি) মোহাম্মদ শাহজাহান এ-সংক্রান্ত একটি লিখিত নির্দেশনা দিয়েছেন। সেখানে কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের যে-সব নেতা-কর্মী জামিনে মুক্তি পাওয়ার পর দলকে শক্তিশালী, সংগঠিত এবং মাঠপর্যায়ে তৎপরতা দেখাতে সক্ষম- তাদের জামিনের পর অন্য মামলায় গ্রেফতার দেখানোর নির্দেশ দেওয়া হয়েছে। আর যাদের মধ্যে এসব বৈশিষ্ট্য নেই, তাদের জামিন হলে আপাতত নতুন করে গ্রেফতার দেখানোর প্রয়োজন নেই বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। রাজশাহী রেঞ্জের ডিআইজির এ-সংক্রান্ত চিঠি বিভাগের আট জেলার পুলিশ সুপারদের কাছে পাঠানো হয়েছে। বুধবার বিভিন্ন মামলায় জামিন পাওয়া তিনজনকে আবার গ্রেফতার দেখানো হয়। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০২.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## শিল্পসাহিত্য চর্চায় রাজনীতিকীকরণ সভ্য সমাজের পরিচায়ক নয় : প্রধানমন্ত্রী

শিক্ষা, গবেষণা এবং শিল্প সাহিত্য চর্চাকে রাজনীতিকীকরণ করা কখনই সভ্য সমাজের পরিচায়ক নয় বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার রাজধানীর ওসমানী মিলনায়তনে আয়োজিত একুশে পদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, এ উপলব্ধি থেকেই স্বাধীনতার ঘোষক শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান স্বাধীন বাংলাদেশে প্রথমবারের মতো একুশে পদক প্রবর্তন করেছিলেন। এ পদক শুধু একটি সম্মাননা নয়, বরং ১৯৫২ সালের ভাষা আন্দোলনসহ দেশের ঐতিহাসিক ঘটনাবলির রাষ্ট্রীয় স্বীকৃতি এবং শিক্ষা, সাহিত্য, শিল্পকলা ও গবেষণায় অবদান রাখা ব্যক্তিদের সমাজের সামনে তুলে ধরার একটি অনন্য উদ্যোগ।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ আসাদ)

## সরকার দেশকে জ্ঞানের আলোয় আলোকিত করতে চায় : প্রধানমন্ত্রী

জনগণের সরাসরি ভোটে নির্বাচিত বর্তমান গণতান্ত্রিক সরকার দেশকে জ্ঞানের আলোয় আলোকিত করতে চায় বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার বিকেলে অমর একুশে বইমেলা-২০২৬ এর উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, জনগণের সরাসরি ভোটে নির্বাচিত গণতান্ত্রিক সরকার দেশকে জ্ঞানের আলোয় আলোকিত করতে চায়। বইমেলা শিক্ষা ও সাংস্কৃতিক বিকাশের সূতিকাগার হয়ে উঠুক- এ আহ্বান জানান তিনি। তারেক রহমান বলেন, বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে জ্ঞান ও মেধাভিত্তিক রাষ্ট্র গঠনের বিকল্প নেই। বাংলা ভাষাকে জাতিসংঘের দাপ্তরিক ভাষা হিসেবে স্বীকৃতি আদায়ে প্রচেষ্টা অব্যাহত থাকবে বলেও জানান তিনি। তিনি বলেন, বইমেলা কেবল বই বেচাকেনার উৎসব নয়, এটি জাতির মেধা ও মননের প্রতীক। তিনি আশা প্রকাশ করেন, এ মেলা জাতিকে আরও বইপ্রেমী করে তুলবে এবং নিয়মিত পাঠাভ্যাস গড়ে তুলতে ভূমিকা রাখবে। জ্ঞানভিত্তিক রাষ্ট্র গঠনের সূতিকাগার হিসেবে বইমেলা ভূমিকা রাখবে বলেও প্রত্যাশা করেন তিনি।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ আসাদ)

## ১৪ ঘণ্টায় ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে দুইবার ভূমিকম্প

রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় ভূমিকম্প অনুভূত হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১২টা ৪ মিনিট ৫ সেকেন্ডে এ ভূ-কম্পন অনুভূত হয়। আবহাওয়া অধিদপ্তরের ভূমিকম্প পর্যবেক্ষণ ও গবেষণা কর্মকর্তা ফারজানা সুলতানা জাগো নিউজকে বলেন, রিখটার স্কেলে ভূমিকম্পের মাত্রা ছিল ৪ দশমিক ৬। এটি মৃদু ভূমিকম্প। এর উৎপত্তিস্থল ছিল ঢাকা থেকে প্রায় ৪৫৫ কিলোমিটার উত্তর-পশ্চিমে ভারতের সিকিম অঞ্চলে। এর আগে, গতকাল বুধবার রাত ১০টা ৫১ মিনিট

৪৯ সেকেন্ডে ভূকম্পন অনুভূত হয়। এর উৎপত্তিস্থল ছিল মিয়ানমারের মাওলাইক থেকে ৮৩ কিলোমিটার দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমে। উৎপত্তি ছিল ভূপৃষ্ঠের ১২৯ দশমিক ৭ কিলোমিটার গভীরে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ আসাদ)

## সরকারি কর্মচারীরা সঠিক সময়ে অফিসে না এলে কঠোর ব্যবস্থা

সরকারি কর্মকর্তা-কর্মচারীরা সঠিক সময়ে অফিসে উপস্থিত না হলে, প্রচলিত আইন ও বিধি অনুযায়ী সরকার কঠোরভাবে ব্যবস্থা নেবে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি। বৃহস্পতিবার মন্ত্রিসভার বৈঠকের পর ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। মন্ত্রিপরিষদ সচিব বলেন, সরকারি কর্মকর্তা ও কর্মচারীরা যদি সঠিক সময়ে অফিসে উপস্থিত না হন, তবে সরকারের প্রচলিত আইন ও বিধি অনুযায়ী অত্যন্ত কঠোরভাবে ব্যবস্থা নেওয়া হবে। বিষয়টি এরই মধ্যে সংশ্লিষ্ট সবাইকে জানিয়ে দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের সময়নিষ্ঠার উদাহরণ টেনে তিনি বলেন, প্রধানমন্ত্রী প্রতিদিন সকাল ৯টার আগেই অফিসে চলে আসেন। জনদুর্ভোগ কমাতে এবং যানজট এড়াতে তিনি অনেক সময় প্রটোকল ছাড়াই খুব ভোরে সচিবালয়ে উপস্থিত হন। প্রধানমন্ত্রীর এই আগমনের ফলে কর্মকর্তাদের মধ্যে সময়ের সচেতনতা এবং একটি ইতিবাচক চাপ তৈরি হয়েছে। সচিবালয়ে প্রধানমন্ত্রীর নিয়মিত অফিস করার বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব বলেন, প্রধানমন্ত্রীর এখানে নিজস্ব অফিস রয়েছে এবং তিনি চাইলে যে-কোনো দিন এখানে অফিস করতে পারেন। তবে এটি সম্পূর্ণ তার সিদ্ধান্তের ওপর নির্ভর করে।(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ আসাদ)

## গভর্নরের বিদায় নিয়ে 'কিছুই বলার নেই, অর্থমন্ত্রীর

কেন্দ্রীয় ব্যাংকে নজিরবিহীন উত্তাপের মধ্যে গভর্নর পরিবর্তনের ঘটনা নিয়ে মুখ খুলতে রাজি হননি অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী। সদ্য বিদায়ি গভর্নরের বিদায় ও নতুন গভর্নর নিয়োগ প্রসঙ্গে সাংবাদিকদের একাধিক প্রশ্নের জবাবে তিনি বারবার বলেছেন, কিছুই বলার নেই। বৃহস্পতিবার সচিবালয়ে নিজ দপ্তরে নতুন গভর্নর মোস্তাকুর রহমানের সঙ্গে ঘণ্টাব্যাপী বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। এ দিন বিকেল সাড়ে ৩টার দিকে অর্থমন্ত্রীর দপ্তরে সাক্ষাৎ করতে আসেন নতুন গভর্নর। ঘণ্টাব্যাপী বৈঠক শেষে বিকেল সাড়ে ৪টার দিকে গভর্নর ও অর্থমন্ত্রী বের হয়ে যান। যাওয়ার সময় সাংবাদিকরা গভর্নরের সঙ্গে কথা বলতে চাইলেও, গভর্নর কোনো কথা বলেননি। এরপর সাংবাদিকরা অর্থমন্ত্রীর কাছে গভর্নর বিদায় ও নতুন গভর্নর নিয়োগ নিয়ে জানতে চান। উত্তরে অর্থমন্ত্রী বলেন, কিছুই বলার নেই। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ আসাদ)

## চাঁদাবাজি নির্মূল ও ১০-১৫ বছরের বাজার সিন্ডিকেট ভেঙে দিতে কাজ চলছে : স্বরাষ্ট্রমন্ত্রী

দ্রব্যমূল্য যাতে কৃত্রিমভাবে বাড়ানো না হয় এবং এ খাতে দীর্ঘ ১০-১৫ বছরের সিন্ডিকেট ভেঙে দেওয়া যায়, সে লক্ষ্যে কাজ চলছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, সারা দেশে চাঁদাবাজি নির্মূলসহ অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। বুধবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে তার অফিস কক্ষে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির পরিচালনা পর্ষদের সদস্যরা সৌজন্য সাক্ষাৎকালে মন্ত্রী এসব কথা জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বর্তমান সরকারের লক্ষ্য দীর্ঘমেয়াদির পাশাপাশি, জনগণের স্বল্পমেয়াদি প্রত্যাশা পূরণ। বর্তমান সরকারের প্রধান অগ্রাধিকার হচ্ছে দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও স্থিতিশীলতা বজায় রেখে ব্যবসা-বাণিজ্যের অনুকূল পরিবেশ নিশ্চিত করা। আমাদের অগ্রাধিকারের মধ্যে আরও রয়েছে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করে বাজার পরিস্থিতি স্বাভাবিক রাখা। তিনি বলেন, দ্রব্যমূল্য যাতে কৃত্রিমভাবে বাড়ানো না হয় এবং এ খাতে দীর্ঘ ১০-১৫ বছরের সিন্ডিকেট ভেঙে দেওয়া যায়, সে লক্ষ্যে আমরা কাজ করছি। গতানুগতিক পন্থা অবলম্বন না করে, নতুন বা সৃজনশীল পন্থায় ব্যবসা-বাণিজ্যের নিরাপত্তা নিশ্চিত করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ আসাদ)

## দুই লেফটেন্যান্ট জেনারেলসহ সেনাবাহিনীর আরও ৬ উচ্চপদে রদবদল

বাংলাদেশ সেনাবাহিনীর উচ্চপর্যায়ে আরও ছয়টি গুরুত্বপূর্ণ পদে রদবদল আনা হয়েছে। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) সেনাসদর থেকে এ সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে। এর আগে, গত রোববার সেনাবাহিনীর উচ্চপর্যায়ে আরও ৮টি পদে রদবদল আনা হয়েছিল। ন্যাশনাল ডিফেন্স কলেজের (এনডিসি) কমান্ড্যান্ট লেফটেন্যান্ট জেনারেল মোহাম্মদ শাহীনুল হককে কোয়ার্টার মাস্টার জেনারেল (কিউএমজি) করা হয়েছে। কিউএমজির দায়িত্ব পালন করে আসা লেফটেন্যান্ট জেনারেল ফয়জুর রহমানের স্থলাভিষিক্ত হবেন লেফটেন্যান্ট জেনারেল শাহীন। লেফটেন্যান্ট জেনারেল ফয়জুরকে এনডিসিতে বদলি করা হয়। এছাড়া, সামরিক বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউটের (এমআইএসটি) মেজর জেনারেল মো. নাসিম পারভেজের চাকরি পররাষ্ট্র মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। মেজর জেনারেল মোহাম্মদ হোসেন আল মোরশেদকে ১৯ পদাতিক ডিভিশন থেকে সেনাবাহিনীর অ্যাডজুট্যান্ট জেনারেল (এজি) করা হয়েছে। পাশাপাশি, অ্যাডজুট্যান্ট জেনারেল হিসেবে দায়িত্ব পালন করে আসা মেজর জেনারেল মোহাম্মদ হাকিমুজ্জামানকে এমআইএসটির কমান্ড্যান্ট করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ রিহাব)

## টিএসসিতে লাঠি হাতে তেড়ে আসা তরুণ গাজীপুরে হত্যা মামলার প্রধান আসামি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় এক নারীর দিকে লাঠি হাতে তেড়ে আসা সেই আলোচিত তরুণের পরিচয় নিশ্চিত হওয়া গেছে। সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়া ভিডিও,র ওই তরুণের নাম মো. রাকিব। তিনি গাজীপুরের একটি চাঞ্চল্যকর হত্যা মামলার প্রধান আসামি বলে জানিয়েছে পুলিশ। তবে প্রকাশ্যে ঘোরাফেরা করলেও, পুলিশ তাকে গ্রেফতার করছে না বলে অভিযোগ রয়েছে। খোঁজ নিয়ে জানা যায়, ভাইরাল তরুণ মো. রাকিব গাজীপুরের কালিয়াকৈর সফিপুর বাজার এলাকার আব্দুর রহিমের ছেলে। ২০২০ সালের ১০ সেপ্টেম্বর সফিপুরের ইউনিক টাওয়ারের ছাদে সাব্বিরকে কুপিয়ে ও ছাদ থেকে ফেলে হত্যা মামলা প্রধান আসামি তিনি। একই মামলায় তার যমজ ভাই মো. সাকিবও আসামি। ওই ঘটনায় নিহত সাব্বিরের বড়ো ভাই মহিউদ্দিন আবির বাদী হয়ে তিনজনকে আসামি করে একটি হত্যা মামলা করেছিলেন। মামলার পর থেকে তারা পলাতক থাকলেও, ঢাকা ও আশপাশের এলাকায় তাদের দেখা যাচ্ছে। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, টিএসসি প্রাঙ্গণে এক নারীর দিকে লাঠি হাতে তেড়ে যাচ্ছেন রাকিব। এ ঘটনায় শিক্ষার্থী ও সাধারণ মানুষের মধ্যে উদ্বেগ তৈরি হয়েছে। অনেকেই প্রশ্ন তুলেছেন, হত্যা মামলার আসামি হয়েও কীভাবে তিনি প্রকাশ্যে বিশ্ববিদ্যালয় এলাকায় ঘোরাফেরা করছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ রিহাব)

## ডগ স্কোয়াড নিয়ে মোহাম্মদপুরের জেনেভা ক্যাম্পে পুলিশের সাঁড়াশি অভিযান

রাজধানীর মোহাম্মদপুরের জেনেভা ক্যাম্পে মাদকবিরোধী সাঁড়াশি অভিযান শুরু করেছে পুলিশ। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) রাত ৮টা থেকে শুরু হওয়া এ অভিযানে সিটিটিসির ডগ স্কোয়াড ব্যবহার করে ক্যাম্পের বিভিন্ন ব্লক ও আশপাশের এলাকায় একযোগে তল্লাশি চালানো হচ্ছে। অভিযানে নেতৃত্ব দিচ্ছেন তেজগাঁও বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মো. ইবনে মিজান। সঙ্গে রয়েছেন মোহাম্মদপুর জোনের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) জুয়েল রানা, সহকারী পুলিশ কমিশনার (এসি) আব্দুল্লাহ আল মামুন ও সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)। পুলিশ জানায়, মাদক কেনা-বেচা ও সেবনের অভিযোগের ভিত্তিতে বিশেষ এই অভিযান পরিচালনা করা হচ্ছে। অভিযানে ডগ স্কোয়াড ব্যবহার করে ক্যাম্পের বিভিন্ন বাসা, সরু গলি ও সন্দেহভাজন স্থানে তল্লাশি চালানো হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ রিহাব)

## ২০২৪-২৫ অর্থবছরে প্রবৃদ্ধির হার কমে ৩.৪৯ শতাংশ

টানা তিন বছর কমেছে প্রবৃদ্ধির হার। ২০২৪-২৫ অর্থবছরে প্রবৃদ্ধির হার নেমেছে ৩.৪৯ শতাংশে। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) তাদের ওয়েবসাইটে মোট দেশজ উৎপাদনের (জিডিপি) চূড়ান্ত হিসাব প্রকাশ করেছে। চূড়ান্ত প্রাক্কলন অনুসারে, গত অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার সাময়িক হিসাবের চেয়ে ৪৮ বেসিস পয়েন্ট কম। গত কয়েক বছরের প্রবণতা লক্ষ্য করলে দেখা যায়, ২০২১-২২ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি ছিল ৭.১০ শতাংশ। এরপর ২০২২-২৩ অর্থবছরে তা কমে ৫.৭৮ শতাংশ ও ২০২৩-২৪ অর্থবছরে আরও কমে ৪.২২ শতাংশে দাঁড়ায়। সর্বশেষ এই প্রাক্কলন গত তিন বছর ধরে প্রবৃদ্ধির ধারাবাহিক মন্দাভাবেরই ইঙ্গিত দিচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ রিহাব)

## দুই সপ্তাহ আগে ধর্ষণ, পরে বাবার কাছ থেকে তুলে নিয়ে কিশোরীকে হত্যা

নরসিংদীর মাধবদীতে এক কিশোরীকে (১৫) বাবার কাছ থেকে তুলে নিয়ে দলবদ্ধ ধর্ষণ এবং হত্যার অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) দুপুরে মাধবদী থানার মহিষাশুরা ইউনিয়নের একটি সরিষা ক্ষেত থেকে গলায় ওড়না প্যাঁচানো অবস্থায় তার মরদেহ উদ্ধার করা হয়। নিহতের স্বজন ও স্থানীয়রা জানান, নিহতের বাবা বরিশালের বাসিন্দা। কাজের সুবাদে স্ত্রী-কন্যাসহ মাধবদীতে ভাড়া বাসায় বসবাস করেন। ১৫ দিন আগে স্থানীয় বখাটে নুরার নেতৃত্বে ৫-৬ জনের একটি দল এলাকা থেকে মেয়েটিকে তুলে নিয়ে ধর্ষণ করে। বিষয়টি স্থানীয়ভাবে মীমাংসাও করা হয়। বুধবার (২৫ ফেব্রুয়ারি) রাতে বাবা তার কাজ শেষ মেয়েটিকে নিয়ে খালার বাড়িতে রেখে আসতে যাচ্ছিলেন। পথে বড়ইতলা এলাকায় পৌঁছালে নুরার নেতৃত্বে আরও পাঁচজন ওই কিশোরীকে তুলে নিয়ে যায়। পরে পরিবারের লোকজনসহ বেশ কিছুক্ষণ খোঁজাখুঁজির পর না পেয়ে বাড়ি ফিরে যান। দুপুরে একই এলাকার একটি সরিষা ক্ষেতে মেয়েটির গলায় ওড়না প্যাঁচানো মরদেহ দেখতে পান স্থানীয়রা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ রিহাব)

## কৃষিপণ্যকে দেশের প্রধান রপ্তানি পণ্য হিসেবে প্রতিষ্ঠা করা সম্ভব

কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ এবং খাদ্য মন্ত্রণালয়ের মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশীদ বলেছেন, সঠিক পরিকল্পনা, দক্ষ ব্যবস্থাপনা ও মাঠপর্যায়ের কার্যকর উদ্যোগের মাধ্যমে অ্যাগ্রো-প্রোডাক্টকে (কৃষিপণ্য) দেশের প্রধান রপ্তানি পণ্য হিসেবে প্রতিষ্ঠা করা সম্ভব। নবীন কর্মকর্তারা মাঠমুখী হয়ে কাজ করলে কৃষি সম্ভাবনা অর্থনৈতিক শক্তিতে রূপান্তরিত হওয়ার পাশাপাশি, দেশের খাদ্য নিরাপত্তা ও আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত হবে। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) বিকেলে রাজধানীর মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটে ৪৪তম বিসিএসের (প্রাণিসম্পদ) নবনিযুক্ত ক্যাডার কর্মকর্তাদের

অংশগ্রহণে পাঁচ দিনব্যাপী অবহিতকরণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। মোহাম্মদ আমিন উর রশীদ বলেন, পৃথিবীর বহু দেশ বছরে চার থেকে আট মাস পর্যন্ত তুষারাচ্ছন্ন থাকে। সীমিত কৃষি মৌসুম থাকা সত্ত্বেও, তারা কৃষিকে অর্থনীতির প্রধান ভিত্তি হিসেবে গড়ে তুলেছে। তিনি বলেন, বাংলাদেশের অনুকূল জলবায়ু ও উর্বর মাটির কারণে সারা বছর ফসল উৎপাদন সম্ভব, তবে প্রত্যাশিত অর্থনৈতিক সাফল্য অর্জনে আরও উদ্যোগ প্রয়োজন। মন্ত্রী আরও বলেন, গোবরকে সঠিকভাবে প্রক্রিয়াজাত ও প্রয়োগ করলে কেমিক্যাল (রাসায়নিক) সার কম ব্যবহার করা যাবে, পরিবেশ দূষণ হ্রাস পাবে এবং মাটির উর্বরতা সংরক্ষিত থাকবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর পদক্ষেপে সেই অপহৃত স্কুলছাত্র উদ্ধারের ঘটনায় গ্রেফতার ৪

প্রধানমন্ত্রী তারেক রহমানের পদক্ষেপে অপহরণের মাত্র এক ঘণ্টার মধ্যে এক স্কুলছাত্রকে উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় জড়িত চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (২৫ ফেব্রুয়ারি) তাদের গ্রেফতার করা হয়েছে। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মাসুদ আলম এ তথ্য জানান। গ্রেফতার ব্যক্তিরা হলেন- তানভীর আহমেদ ওরফে ফাহিম (২৩), ইশরাক ইয়ামিন লিখন (২০), হাসান আল বান্না ওরফে হাসলাম (২১) ও মোস্তাফিজ রহমান পুঞ্জ (২২)। পুলিশ বলছে, ওই চক্রে ১০-১২ জন রয়েছে। তারা উঠতি বয়সি তরুণদের মাদকসহ বিভিন্ন প্রলোভন দিয়ে ডেকে নিয়ে মুক্তিপণ আদায় করে। গত মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) সচিবালয়ের কর্মচারী খন্দকার শামীম প্রধানমন্ত্রীর কাছে গিয়ে অভিযোগ করেন, তার স্কুলপড়ুয়া ছেলেকে অপহরণ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ রিহাব)

## ঘোষণা দিয়ে আওয়ামী লীগকে পুনর্বাসন করা উচিত বিএনপির : আসিফ মাহমুদ

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া বলেছেন, বিএনপি যদি সত্যিকার অর্থে আওয়ামী লীগকে (কার্যক্রম নিষিদ্ধ) পুনর্বাসন করতে চায়, তাহলে সেটি প্রকাশ্য ঘোষণা দিয়েই করা উচিত। মুখে এক কথা আর বাস্তবে ভিন্ন আচরণ, এটি গ্রহণযোগ্য নয়। বিএনপি যদি আওয়ামী লীগের পুনর্বাসনে কোনো ভূমিকা রাখে, তাহলে আমরা রাজনৈতিকভাবে সে বিষয়ে সিদ্ধান্ত নেব। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) সন্ধ্যায় রাজধানীর ঐতিহাসিক চকবাজার শাহী জামে মসজিদে ইফতার শেষে তিনি এসব কথা বলেন। আসিফ মাহমুদ বলেন, আওয়ামী লীগকে (কার্যক্রম নিষিদ্ধ) যদি পুনর্বাসন করতেই হয়, তবে তা স্পষ্ট ঘোষণা দিয়েই করা উচিত। মুখে এক কথা আর অন্তরে আরেক- এমন দ্বিমুখী অবস্থান গ্রহণযোগ্য নয়। তিনি বলেন, আওয়ামী লীগের কয়েকজন শীর্ষ নেতা ও সাবেক এমপি, যারা নানা অনিয়ম ও অপরাধের সঙ্গে জড়িত বলে অভিযোগ রয়েছে, তারা জামিন পাচ্ছেন। এমনকি চট্টগ্রামের আলোচিত ‍‍`ইয়াবা বদি,ও জামিন পেয়েছেন। বিষয়গুলো রাজনৈতিকভাবে স্পষ্ট করা দরকার।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ রিহাব)

## ৩ আসনের ব্যালট ও সব নথি হাইকোর্টের কাস্টডিতে দাখিলের নির্দেশ

তিনটি আসনের ব্যালট পেপার ও রেজাল্ট শিটসহ সব নথি আদালতের হেফাজতে দাখিল (কাস্টডিতে) করার নির্দেশনা দিয়েছেন হাইকোর্টের নির্বাচনি ট্রাইব্যুনাল। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে তিনটি আসনে কারচুপির অভিযোগ তুলে হাইকোর্টে আবেদন করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রার্থী। আসনগুলো হলো ঢাকা-৬, ৭ ও গাইবান্ধা-৪। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) এ আবেদনের শুনানি নিয়ে হাইকোর্টের নির্বাচনি ট্রাইব্যুনালের বিচারপতি মো. জাকির হোসেনের একক বেঞ্চ এই তিন আসনের ব্যালট পেপার, রেজাল্ট শিটসহ সব নথি হাইকোর্টের হেফাজতে নেওয়ার নির্দেশনা দেন। নির্বাচনি ট্রাইব্যুনালের আদেশের বিষয়টি সাংবাদিকদের জানান ব্যারিস্টার শাহরিয়ার কবীর। এর আগে, ১৯ ফেব্রুয়ারি গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশের ৪৯ ধারা অনুযায়ী নির্বাচনি অনিয়মের বিরুদ্ধে নির্বাচনি আবেদনপত্র শুনানির জন্য হাইকোর্টে `নির্বাচনি ট্রাইব্যুনাল, গঠন করা হয়। এরপর একই দিন এ সংক্রান্ত বিজ্ঞপ্তিও জারি করা হয়। বিচারপতি মো. জাকির হোসেনের নেতৃত্বে একক বেঞ্চ এসব আবেদনের ওপর শুনানি গ্রহণ করবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০২.২০২৬ রিহাব)

# BBC

## ISRAELI SOLDIERS SHOT A PALESTINIAN BOY AND STOOD AROUND AS HE BLED TO DEATH, VIDEO SHOWs

Last November, a 14-year-old Palestinian boy named Jad Jadallah was shot at close range by Israeli soldiers in a refugee camp in the occupied West Bank. As Jad lay collapsed in an alley, the soldiers created a cordon around him and blocked two Palestinian ambulances from reaching him. According to video footage and eyewitness testimony, the soldiers - 14 in total - then stood around Jad casually for at least 45 minutes while he bled from one or more gunshot wounds. All Israeli soldiers receive training in trauma treatment, and any Israeli combat unit should contain a specifically trained medic, but none of the soldiers appeared to

give Jad life-saving medical aid. At points, they appeared to ignore repeated attempts from Jad to get their attention. (BBC News Web Page: 26/02/26, FARUK)

**US AND IRAN BEGIN TALKS SEEN AS CRUCIAL TO PREVENT CONFLICT**

US and Iranian officials are meeting in Geneva for a third round of indirect talks seen as crucial to averting conflict with President Donald Trump threatening to strike Iran if a nuclear deal is not reached. The discussions come amid the largest US military build-up in the Middle East since the US-led invasion of Iraq in 2003, and with Iran vowing to respond to an attack with force. The talks are again being mediated by Omsn's Foreign Minister Badr Albusaidi, who said negotiators had "demonstrated unprecedented openness to new and creative ideas and solutions". But the chances of an agreement remain unclear. While Trump has said he prefers to solve the crisis through diplomacy, he has also said he is considering a limited strike on Iran to pressure its leaders to accept a deal.
(BBC News Web Page: 26/02/26, FARUK)

**NORTH KOREA COULD 'GET ALONG' WITH US: KIM JONG UN**

Kim Jong Un has declared his intent to expand North Korea's nuclear arsenal and operational range - calling on the United States to respect his country's nuclear power, in a rare message to Washington. The United States and North Korea could "get along", Kim added, but only if the US accepts that North Korea's nuclear weapons are here to stay. His comments, which were made at a five-yearly party congress held in the capital Pyongyang, are seen as leaving a door open to talks with US President Donald Trump ahead of Trump's visit to China in April. However, Kim dashes hopes of any diplomatic thaw with South Korea, calling them the North's "most hostile entity". (BBC News Web Page: 26/02/26, FARUK)

**UN SANCTIONS PARAMILITARY LEADERS OVER SUDAN ATROCITIES**

The UN Security Council has announced new sanctions on four leaders of Sudan's paramilitary Rapid Support Forces over atrocities committed in the western Sudanese city of el-Fasher. The deputy commander, Abdul Rahim Hamdan Dagalo and Brigadier General Al-Fateh Abdullah Idris, more commonly called Abu Lulu, who became known as the "Butcher of el-Fasher", are among those proscribed. The others are RSF deputy commander Gedo Hamdan Ahmed and field commander Tijani Ibrahim. A spokesman for Tasis, a coalition of civilian and armed groups led by the RSF, told the BBC the sanctions were "unfair", saying they were based on what he described as "partial" and "unneutral" reports.
(BBC News Web Page: 26/02/26, FARUK)

**RUSSIA SAYS IT HAS HANDED OVER 1,000 UKRAINIAN SOLDIERS BODIES**

Russia has handed over the remains of 1,000 soldiers to Ukraine and has received the bodies of 35 Russian soldiers in return, Russia's top negotiator has said. It comes as Ukraine's chief negotiator was preparing to meet US President Donald Trump's envoys in Geneva for a new round of talks aimed at ending the war which has entered its fifth year. Two previous rounds of talks hosted by Steve Witkoff and Trump's son-in-law Jared Kushner have included Russian negotiators, too, but have not led to a breakthrough. Hours before the latest talks, Russia launched 420 drones and 39 missiles in six different regions of Ukraine, injuring dozens of people, Ukraine's President Volodymyr Zelensky said.
(BBC News Web Page: 26/02/26, FARUK)

**INDIA'S TOP COURT BANS TEXTBOOK FOR REFERRING TO JUDICIAL CORRUPTION**

India's Supreme Court has banned a school textbook after a chapter in it made a reference to corruption in the judiciary. The revised social science book was published by the National Council of Educational Research and Training (NCERT), which designs the syllabus and textbooks for millions of schoolchildren in the country. On Wednesday, after Chief Justice Surya Kant criticized the book, saying it could damage the reputation of the judiciary, NCERT apologized and withdrew it from distribution. Now the court has ordered a complete halt on the book's publication, saying its contents were "extremely contemptuous" and "reckless". (BBC News Web Page: 26/02/26, FARUK)

## :: THE END ::